১৬ পাতার সংখ্যা

দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 39 ■ 24th September 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



"এখন বসিরহাটেও"

প্রাইমারী-TET, স্কুল সার্ভিস-TET, পুলিশ, রেল, কম্বাইন্ড

সাকসেস সেন্টার

বসিরহাট : 9932326566

বনগাঁ : 8337000600

মধ্যমগ্রাম : 8337000900


কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে ২০ হাজার পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, ইন্সপেক্টর, অডিটর ও আপার ডিভিশন ক্লার্ক

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার / এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে প্রায় ২০,০০০ শূন্যপদের জন্য ২০২২ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা 'আপার ডিভিশন ক্লার্ক', অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/প্রিভেন্টিভ অফিসার / এক্সামিনার)', ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার/অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার, 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার' পদের জন্য আবেদন করতে পারেন। তবে অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার পদের বেলায় কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার /অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের বেলায় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, কোম্পানি সেক্রেটারি কোর্স পাশ কিংবা কমার্সের মাস্টার ডিগ্রি, বিজনেস স্টাডিজের মাস্টার ডিগ্রি,


☞ এরপর ৬ পাতায়



VANIK

Admission open for

Bank / SSC

Rail/WBCS

SLST/TET

7449556677



সরকারি চাকরির প্রস্তুতি

ICE Academy

WBCS SSC-CGL

PSC Primary-TET

School Service

বালিগঞ্জ কেন্দ্র

9804412898

7044517509


**কর্মসংস্থান ফের ১ নম্বরে***

এ নিয়ে পরপর ১৭ বার

*এ.বি.সি'র ২০২২ সালের জানুয়ারি-জুন রিপোর্ট অনুযায়ী। বিস্তারিত ৩ পাতায়

## ভারত হেভি ইলেক্ট্রিক্যালসে ১৫০ এক্সিকিউটিভ ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালুরু** : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, ভারত হেভি ইলেক্ট্রিক্যালস লিমিটেড 'ইঞ্জিনিয়ার ট্রেনি (সিভিল, মেক্যানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, আই.টি., কেমিক্যাল, মেটালার্জি)', 'এক্সিকিউটিভ ট্রেনি (ফিনান্স)' ও 'এক্সিকিউটিভ ট্রেনি (এইচ.আর.)' পদে ১৫০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ইঞ্জিনিয়ার ট্রেনি নেওয়া হবে এইসব ট্রেডে :**

**মেকানিক্যাল** : ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড


☞ এরপর ৭ পাতায়


## ম্যাজাগন ডকে ১,০৪১ দক্ষ ও অদক্ষ কর্মী

**নিজস্ব সংবাদদাতা, মুম্বাই** : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা ম্যাজাগন ডক শিপবিল্ডার্স লিমিটেডে বিভিন্ন ট্রেডে 'স্কিল্ড গ্রেড-।', 'সেমি স্কিল্ড গ্রেড-।' ও 'সেমি স্কিল্ড গ্রেড-।।।' পদে ১,০৪১ জন লোক নেওয়া হচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

**সিরিয়াল নং 1: এ.সি. রেফ্রিজারেশন মেকানিক** : মাধ্যমিক


☞ এরপর ১১ পাতায়



প্রস্তুতি ছাড়া পরীক্ষা ?.. শুধু সময় নয়, অর্থেরও অপচয়....

CGL (শূন্যপদ : 20,000)

Primary TET

CHSL

SSC (PT + TET)

WBCS (Preli + Mains)

KPS RAIL

WBP & KP (কনস্টেবল + SI)

RPF, Excise

PSC Miscellaneous



- Complete Study Materials
- Individual Mentor for Strategic Plan
- Subject wise Expert Faculty (Service Commission Qualified)

Highest Success Rate in West Bengal

Visit: www.fcacampus.com

ন্যূনতম কোর্স ফী

FAST TRACK COMPETITIVE ACADEMY

বারাসাত : 9433327850 (কাছারী মাঠ সৈনিক স্কুল ও Food Supply অফিসের বিপরীতে)

কাটোয়া : 8537096212 (কাশীরাম দাস পল্লী পৌরসভার নিকট)

নলহাটি : 9563981048 (থানার পাশে)


## কলকাতা পুরনিগম ১৮৬ নার্স নিচ্ছে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা** : কলকাতা সিটি এন.ইউ.এইচ.এম. সোসাইটি ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে কাজের জন্য 'স্টাফ নার্স' পদে ১৮৬ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। ভারতীয় নার্সিং কাউন্সিল বা, পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জি.এন.এম. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা।


☞ এরপর ২ পাতায়



ভেতরের পাতায় আছে :

- রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসা ও সাধারণ জ্ঞান


## ১৭ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা** : ফিজিক্যাল রিসার্চ ল্যাবরেটরি 'অ্যাসিস্ট্যান্ট' ও 'জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট' পদে ১৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট : আর্টস, সায়েন্স, কমার্স, ম্যানেজমেন্ট,


☞ এরপর ৫ পাতায়


## ৫৬ জুনিয়র ইঞ্জিনিয়ার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা** : ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের পাইপলাইন ডিভিশন 'ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট', 'টেকনিক্যাল


☞ এরপর ২ পাতায়



All Schools managed by

GENEX SUPTENDU GROUP

BASUDEB (Female) NURSING ACADEMY

মাত্র 3.5 লাখে পশ্চিমবঙ্গ থেকে মেয়েদের Nursing করার শেষ সুযোগ

মাত্র ৫০ হাজার টাকা দিয়ে ভর্তির সুযোগ

বাকি টাকা লোন করিয়ে পড়ানোর দায়িত্ব শর্ত সাপেক্ষে কলেজ নেবে

Vill. + PO- Sugandha, PS- Polba, Hooghly- 712102, near Amalpur Playground

Recognized By : Swasthya Bhawan Government of West Bengal

Order No : (HNG/E-08-20WW/599)

Affiliated By: W.B.N.C. Order No- (902/07/NC)

GENEX NURSING INSTITUTE

GNM(Male)

Sugandha, PS- Polba, Dist- Hooghly- 712102

Recognized By : Swasthya Bhawan Government of West Bengal

Order No : (HNG/4T-9-2019/PT-I/1065)

Affiliated By: INC, W.B.N.C. Order No- (757/07/NC)

Approved by INC

মাত্র ৫০ হাজার টাকা দিয়ে ভর্তির সুযোগ

বাকি টাকা লোন করিয়ে পড়ানোর দায়িত্ব শর্ত সাপেক্ষে কলেজ নেবে

GNM

Limited Seat Admission Open সেশন 2022-23

- অত্যাধুনিক কলেজ ক্যাম্পাস ও ফ্রী Wi-Fi পরিষেবা
- স্বাস্থ্য উপযোগী হোস্টেল ও স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা

9748305453, 8335083933

8100613849, 8335063512


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েদের

## উচ্চশিক্ষার জন্য রাজ্য সরকারের কোথায় কী স্কলারশিপ দেওয়া হয়

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা** : মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক পড়তে, উচ্চমাধ্যমিক থেকে ডিগ্রি কোর্স, ইঞ্জিনিয়ারিং কোর্স, ডাক্তারি কোর্স, ম্যানেজমেন্ট কোর্স ইত্যাদি পড়তে আর গ্র্যাজুয়েট থেকে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পড়তে প্রতি বছরই রাজ্য সরকার স্কলারশিপ দিয়ে থাকে। রাজ্য সরকারের পাশাপাশি অনেক বেসরকারি সংস্থাও উচ্চশিক্ষার জন্য স্কলারশিপ দেয়। পশ্চিমবঙ্গ সরকার কোন কোন ক্ষেত্রে উচ্চশিক্ষার জন্য স্কলারশিপ দেয় তা দেওয়া হল :


☞ এরপর ৪ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : ৯৮৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

**ENDEAVOUR**
Medical Representative Training for Graduates. 100% Job. Kolkata : 8961061014, Midnapore : 9038000283, Siliguri : 9875559677
SH(A)

**COMPETITIVE MATHS**
সকল সরকারি চাকরির পরীক্ষার অঙ্ক করানো হয়। মাসিক ফি 201/- মাত্র। M: 9007595993, মধ্যমগ্রাম।
S

**এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অফ ইন্ডিয়া**
রেভারেন্ড কেরি ইনস্টিটিউট অফ হর্টিকালচার
১, আলিপুর রোড, কলকাতা-৭০০ ০২৭
ফোন : ৭০৭৬৯৬৫৩২৫
এক বছরের সার্টিফিকেট ইন হর্টিকালচার কোর্সে (কলকাতা বিশ্ববিদ্যালয় অনুমোদিত) ভর্তির জন্য অনলাইনে আবেদন পত্র গ্রহণ করা হচ্ছে / ন্যূনতম যোগ্যতা জীবন বিজ্ঞান বা এগ্রিকালচার নিয়ে উচ্চমাধ্যমিক (৫০%) / পুরুষ প্রার্থী (আবাসিক) / মহিলা প্রার্থী (অনাবাসিক) বয়স : ২৫ বছরের মধ্যে / ভর্তির ফিস : ৩০০০ টাকা / শিক্ষাদানের ফিস : ৪০০ টাকা (প্রতি মাসে) / প্রতিষ্ঠানের ফিস : ৩০০ টাকা (প্রতি মাসে) / আমানত : ৫০০ টাকা (ফেরত যোগ্য) / ফর্ম গ্রহণের শেষ তারিখ : ৩১শে অক্টোবর, ২০২২

## স্কুল-কলেজ-শিক্ষা

**D.El.Ed (2021–23)**
ভর্তি চলছে। কম খরচে, ক্লাস ম্যানেজ, বিনামূল্যে নোটস, সাজেশন। (M) : 9143288787
SH(A)

**সরকারি চাকরির অঙ্ক**
মাত্র 200/- টাকায় All Competitive Exams-এর Maths করানো হয়। M : 6290893517, শিয়ালদহ।
S

**CGL এক চান্সে**
মাসিক মাহিনায় Specially for CGL All Subjects, Kolkata, Chinsura, M : 9073447917
SH

**B.Ed, D.El.Ed (কম ফি)**
Nursing, D.Pharm, LLB কোর্সগুলিতে পশ্চিমবঙ্গে সরাসরি ভর্তি চলছে। M : 9609491755
MS

**SSC-SLST (English)**
(IX-X) & (XI-XII), Online & Offline. Text based + MCQ oriented. Somnath Sir (Krishnagar). 9883083302
R

কোর্স করে নিশ্চিত চাকুরী
হোটেল ম্যানেজমেন্ট
B.C.A
হোস্টেল ফ্রি
VIMT
M-80173 79747
www.vimt.org

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**পুজোর আগেই জয়েনিং**
ব্যাঙ্ক, DSA-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক, বেতন-(17k-52k), PF, ESI, 9144056473
SP

**স্পট জয়েনিং**
বিনা ডোনেশনে বিভিন্ন কোম্পানি ও শপিং মলে-প্রচুর M/F চাই। বেতন-9,500-26,500. 9461659163
MS

**Airport এ নিয়োগ**
No Donation, সরকারি কন্ট্রাক্টরের অধীনে ৮ম/স্নাতক নিয়োগ। পদ- S/V, G/FS, চেকিং - পোস্টিং দমদম, বর্ধমান, অণ্ডাল, শিলিগুড়ি। বেতন - 17,900/- – 42,400/- . শীঘ্র যোগাযোগ-M : 9434564954
SA

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন : 13500–22500. M : 8961921488
SA

**জাহাজে চাকরি**
জাহাজে অষ্টম-স্নাতক 87 জন নিয়োগ। খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান। বেতন : 27,400/-–65,700/-+PF, শীঘ্র যোগাযোগ, M : 9434565014
SA

## কর্মখালি

**ব্যাঙ্ক, এয়ারপোর্ট**
বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-–42,700/-, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। 9434566004
SA

**সাথে সাথে জয়েনিং**
কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে, মাদার ডেয়ারীতে ও Bank (DSA)-তে সরাসরি M/F নিয়োগ, বেতন : 18,000–41,000, অন্যান্য সুবিধা। Ex-সার্ভিসম্যানদের অগ্রাধিকার, (M) : 9134721014
SP

## কর্মখালি

**BANK-AIRPORT**
Govt. Reg. No.-2248 সমস্ত জেলায় বিনা ডোনেশনে ব্যাঙ্ক, Airport-এ ৮ম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : (17200–42000) থাকা-খাওয়া ফ্রি। PF, ESI, বোনাস। 9432957601
SA

WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলাভিত্তিক কর্মী নিয়োগ। বয়স: 18 থেকে শুরু, এক্স আর্মিদের বিশেষ সুবিধা। W.APP-এ CV পাঠান। M : 8609639553
SA

**জাহাজে ও ডকে স্থায়ী জব**
L.C No-Kol59WB পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 87 জন M/F- পঃ বাংলার মধ্যে নিয়োগ করানো হচ্ছে। বেতন- 21,720/- – 47,550/- MP - স্নাতক। 3 মাস 16 দিন জব করার পর 27 দিনের ছুটি with Salary-সহ। থাকা-খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, Insurance, PF এছাড়া অন্যান্য সুবিধা। M : 7477530111
SA

## কর্মখালি

**প্রাঃ ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**
L.C No-KIB49E87 পঃ বাংলার 23টি জেলায় প্রাঃ ব্যাঙ্কে DSA-তে Back Office- সহ যোগ্যতানুযায়ী, অন্যান্য পদে ও বিভিন্ন বেতনে 113 জন M/F-কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary - 17,700/- – 25,500/- MP - স্নাতক। ছুটি, বোনাস, ESI, PF, Insurance অন্যান্য সুবিধা। 8670290888
SA

**বিশেষ বিজ্ঞপ্তি**
'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, **কর্মসংস্থান**।

**স্বাস্থ্য পরিষেবায় চাকুরীমুখী কোর্স**
নার্সিং অনুমোদিত Council / UGC & BSS অনুমোদিত
GNM, B.Sc, Nursing, P.B.B.Sc (নার্সিং কোর্সের স্কলারশিপ সুবিধা)
Paramedical Course : BMLT / DMLT, Diploma / Bachelor in Radiology & OT, BPT / DPT, D.Optm, ECG, Critical Care, Dental (DDH & T), CSSD, অ্যালোঃ (CMS & ED), আয়ুঃ (DAMS), হোমিও : (DHom & DHMS), ক্লেবোটমি, Dialysis, D.Pharm & B.Pharm কোর্সে ভর্তি চলছে (Own Campus, Hostel & Hospital)
CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY
126B, Raja Rammohan Sarani, Near Sealdah Railway. St., Kolkata 700 009
9888 295 882 / 9331 062 421

## কলকাতা পুরনিগম ১৮৬ নার্স নিচ্ছে

১ পাতার পর

শূন্যপদ : ১৮৬টি (জেনাঃ ৮৫, তঃজাঃ ৩৭, তঃউঃজাঃ ১০, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১৭, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১২, জেনাঃ প্রতিবন্ধী ১৫, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১০)। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/Kolkata City NUHM Society / 2022-23. Dated: 06-09-2022.
প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। তারপর ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। শিক্ষাগত যোগ্যতার জন্য থাকবে ৪০ নম্বর আর ইন্টারভিউয়ের জন্য থাকবে ৬০ নম্বর। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল নিয়ে যাবেন। এরপর মেধা তালিকা তৈরি হবে।
দরখাস্ত করবেন নিচের বয়ানে। এছাড়া দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.kmcgov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, নার্সিংয়ের রেজিস্ট্রেশন সার্টিফিকেট, পাশপোর্ট / ভোটার কার্ড, আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল আর এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সাঁটার পর সই করবেন)। দরখাস্ত পৌঁছনো চাই ২৬ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : Chief Municipal Health Officer / Secretary, Kolkata City NUHM Society, Kolkata Municipal Corporation, CMO Bldg, 5, S.N. Banerjee Road, Kolkata - 700 013. এছাড়াও দরখাস্ত-ভরা খাম ড্রপ বক্সে জমা দেবেন ওপরের ঠিকানায় 254 নম্বর রুমে। যাঁরা ই-মেল করে দরখাস্ত পাঠাতে চান, তাঁরা যাবতীয় প্রমাণপত্র (দরখাস্তের ফর্ম-সহ) স্ক্যান করে পি.ডি.এফ. ফর্ম্যাটে ই-মেল করবেন এই নম্বরে : application.kol.nuhm@gmail.com দরখাস্তের বয়ান :

**Kolkata City NUHM Society**
**5, S. N. Banerjee Road**
**Kolkata-13**
**Application Format for the post of Staff Nurse**

Write a phone no. back side of photo & attached

1. Name in full (in capital letters):
2. Guardian's Name:
3. a) Date of Birth according to Madhyamik: _ _/ _ _/ _ _ _ _
Or equivalent examination certificate
b) Age as on 01.01.2022: _ _ year.
4. Are you Physically Handicapped, write Yes or No:
5. Are you Meritorious Sports person, write Yes or No:
6. Caste Category: (UR/SC/ST/OBC-A/OBC-B) of West Bengal:
7. Postal Address (in Capital Letters): ..............................................
..............................................
8. Permanent address (in capital letters): ..............................................
..............................................
9. Contact No:
10. Email Id:
11. Whether citizen of India, write Yes or No:
12. Educational/Qualifications:

| Name of the Exam | Name of the Board / University | Full Marks | Marks Obtained | % of Marks | Division/ Grade | Changes taken to pass | Year of Passing |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |

13. Professional / Other Qualifications or Specialization:

| Name of the Exam GNM/BSC Nursing | Name of the Board/ University/Institute | Registration No | Full Marks | Marks Obtained | % of Marks | Year of Passing |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

14. Declaration :
I do hereby declare that all the statements given above by me are true and correct in all respect. If any statement found false at the time of examination/interview or after my appointment then my candidature will liable to be cancelled or my service will terminate automatically.
Place:
Date:
Full Signature of the Candidate

## ৫৬ জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর

অ্যাসিস্ট্যান্ট', পদে ৫৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:
**ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল), গ্রেড - IV** : মেকানিক্যাল বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে পাশ নম্বর) পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। উত্তরপ্রদেশ ১ (জেনাঃ)। গুজরাট ১ (তঃউঃজাঃ)। আন্ধ্রাপ্রদেশ ১ (জেনাঃ)। ওড়িশা ১ (জেনাঃ)।
**ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল), গ্রেড - IV** : ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে পাশ নম্বর) পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। গুজরাট ১ (জেনাঃ)। ছত্তিশগড় ১ (জেনাঃ)।
**ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট (অপারেশন্স), গ্রেড-IV** : কেমিক্যাল, মেকানিক্যাল, অটোমোবাইল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড রেডিও কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে পাশ নম্বর) পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : উত্তরপ্রদেশ ১টি (তঃজাঃ)। বিহার ২ (জেনাঃ ১, তঃজাঃ ১)।
**ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট (টি অ্যান্ড আই), গ্রেড - IV** : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড রেডিও কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে পাশ নম্বর) পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : অসমে ১টি (জেনাঃ)। উত্তরপ্রদেশ ১টি (জেনাঃ), পঞ্জাব ১ (জেনাঃ)। গুজরাট ২ (জেনাঃ ১, ও.বি.সি. ১)। রাজস্থান ২ (তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। ওড়িশা ২ টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।
**টেকনিক্যাল অ্যাটেন্ড্যান্ট** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, ফিটার, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), মেশিনিস্ট / মেশিনিস্ট (গ্রাইন্ডার), মেকানিক কাপ অপারেটর, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন সিস্টেম, টার্নার, ওয়্যারম্যান, ড্রাফটসম্যান মেকানিক্যাল, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ই.এস.এম., মেকানিক (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনার), মেকানিক (ডিজেল) ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : পশ্চিমবঙ্গ ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ২), হিমাচলপ্রদেশ ১ (জেনাঃ)। পঞ্জাব ১ (জেনাঃ)। উত্তরপ্রদেশ ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। গুজরাট ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। রাজস্থান ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। ওড়িশা ৭টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১)। ছত্তিশগড় ১ (জেনাঃ)।
ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১২-৯-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট পদে ২৫,০০০ - ১,০৫,০০০ টাকা আর টেকনিক্যাল অ্যাটেন্ড্যান্ট পদে ২৩,০০০-৭৮,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : PL/HR/ESTB/RECT-2022(2).
প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা / স্কিল টেস্ট বা, ট্রেড টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে ৬ নভেম্বর। ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইঞ্জিনিয়ারিং শাখার ওপর ৭৫টি প্রশ্ন, জেনারেল অ্যাপ্টিটিউড, রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড ও জেনারেল নলেজ বিষয়ে ২৫টি প্রশ্ন।
টেকনিক্যাল অ্যাটেন্ড্যান্ট পদের বেলায় এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০ টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল সায়েন্স শাখার ওপর ৭৫টি প্রশ্ন, জেনারেল অ্যাপ্টিটিউড, রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড ও জেনারেল নলেজ বিষয়ে ২৫টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং নেই। সময় থাকবে ৯০ মিনিট। সফল হলে স্কিল টেস্ট বা, ট্রেড টেস্টের জন্য ডাকা হবে।
দরখাস্ত করবেন অনলাইনে, ১০ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://plapps.indianoil.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা এস.বি.আই. কালেক্টে জমা দেবেন। তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


## MAKAUT ও গুরুকুলের যৌথ উদ্যোগে চাকুরিমুখী B.Sc. Agriculture Biotechnology ডিগ্রি কোর্সে ভর্তি চলছে

নিজস্ব প্রতিনিধি : উচ্চমাধ্যমিক রেজাল্ট বেরিয়ে যাওয়ার সাথে সাথে ছাত্রছাত্রী ও অভিভাবকরা চিন্তিত যে কী নিয়ে গ্র্যাজুয়েশন করলে সুনিশ্চিত কেরিয়ার পাওয়া যাবে, কোথায় ভর্তি হবে? CCPTR (MAKAUT), গুরুকুল এর যৌথ উদ্যোগে সায়েন্স (Bio / Pue) / ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীদের জন্য শুরু করেছে কর্মসংস্থানমুখী কোর্স বি.এসসি এগ্রিকালচার বায়োটেকনোলজি ডিগ্রি কোর্স। ভারতবর্ষের অর্থনীতি ও সমস্ত ক্ষেত্রের মুখ্য স্তম্ভ হল কৃষি ও বায়োটেকনোলজি। ভারতবর্ষের ৭০% এমপ্লয়মেন্ট কৃষি ও বায়োটেকনোলজি কেন্দ্রীক। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এর প্রাক্তন ডিন Prof. R. K. Ghosh ও IAS অফিসার ও প্রাক্তন মুখ্যসচিব শ্রী রায় জানালেন, 'Agriculture Biotechnology' সেক্টরে কাজ জানা প্রশিক্ষিতদের বিপুল চাহিদা সরকারি ও বেসরকারি এবং বৈদিশিক মাল্টি ন্যাশনাল সংস্থায়। এদের চাকুরি খুঁজতে হয় না, চাকুরি এদের খুঁজে নেয়। এই কোর্স করে তাই সহজেই শিক্ষার্থী চাকুরির সুযোগ পেতে পারে সরকারি ও বেসরকারি কৃষি ও বায়োটেকনোলজি সংস্থা, ব্যাঙ্ক, মাল্টি ন্যাশনাল সার, সীড, পেস্টি সাইড সংস্থা, রিসার্চ ল্যাবে ম্যানেজার, অ্যানালিস্ট, প্রোডাক্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিসার বা সুপারভাইজর এবং অন্যান্য নানা পদে। গুরুকুলের কলকাতা ক্যাম্পাসে রয়েছে নিজস্ব অত্যাধুনিক ফার্ম, অত্যাধুনিক বায়োটেকনোলজি ও জেনেটিক্সের ল্যাব। কোর্সের প্রথম থেকেই ক্যাম্পাসে থিওরি ও প্র্যাক্টিক্যালের সঙ্গে সঙ্গে এগ্রিকালচার ও বায়োটেকনোলজি সম্পর্কিত শিল্পক্ষেত্রে হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে ছাত্রছাত্রীদের জব রেডি করে তোলে। রয়েছে নিখরচায় সফট স্কিল, স্পোকেন ইংলিশ ও ইন্টারভিউ সেশন। সীমিত আসনে ভরতির জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায়- গুরুকুল এডুটেক এডুকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন, লাঙলবেড়িয়া, LASKUS ক্যাম্পাস, কলকাতা (নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে), ফোন- ৯৮০৪৭২০৪২৫,৭০৫৯১৮১৮৬, ৯০৫১৩৫২৩৩৭, ওয়েবসাইট- www. gurukulinstitute.org.in

## কর্মসংস্থান ফের ১ নম্বরে এ নিয়ে পরপর ১৭ বার

এটা আমাদের কৃতিত্ব নয়। করোনাকালে সব সংবাদপত্রের বিক্রি যেখানে প্রায় অর্ধেক নেমে গেছে, সেখানে পাঠক-পাঠিকা, বিক্রেতা আর বিজ্ঞাপনদাতাদের অকৃপণ সাহায্যে **কর্মসংস্থান** পত্রিকার বিক্রি প্রায় একই আছে (* এ.বি.সি'র ২০২২ সালের জানুয়ারি-জুন রিপোর্ট অনুযায়ী প্রচার সংখ্যা ২,৯৪,৭৮৩)। ফের প্রমাণ হল **কর্মসংস্থান** পত্রিকা যথার্থই কাজের কাগজ, যা রাজ্যের লাখ-লাখ তরুণ-তরুণীদের পথ দেখায়। ঘুরে দাঁড়ানোর ইন্ধন যোগায়। চাকরি আর নেই বলে যাঁরা প্রচার করেন, তাঁদের কথায় আস্থা না রেখে লড়াকু ছেলেমেয়েরা চাকরির খবর নেয়। দরখাস্ত করে। চাকরির পরীক্ষায় সফল হওয়ার জন্য প্রস্তুতি নেয়। আর নিষ্ঠা ও অধ্যবসায়ের জোরে শেষমেষ তারা চাকরিও পায়। হতাশ লোকদের উপদেশ শোনা কাজের কথা নয়। স্কুল-কলেজ, প্রশাসন চালানোর জন্য সরকারকে লোক নিতেই হবে। নাহলে তো সব অচল হয়ে যাবে। স্কুল সার্ভিসের চাকরি নিয়ে মামলা-মকদ্দমা আর তদন্ত চললেও এরমধ্যেই স্কুলে ফের শিক্ষক-শিক্ষিকা নেওয়ার জন্য স্কুল সার্ভিস কমিশনের নতুন বিজ্ঞাপন বেরোবেই। ঠাট্টা-মশকরা করা যাঁদের কাজ, তাঁরা সোশ্যাল মিডিয়ায় তর্জা করবেন। কিন্তু আপনার লক্ষ্য অবিচল রাখুন। চারদিকের নেতিবাচক পরিস্থিতির মধ্যেও আপনার ভবিষ্যৎ আপনাকেই গড়ে নিতে হবে। আর এই লড়াইতে আর কেউ না থাকুক আমরা আপনাদের পাশে থাকব। — সম্পাদক


Red Plus Vocational Training Centre
50 years RED PLUS SOCIETY
AFFILIATION NO : NCVRT/WB/4045/VTC
22, Baghajatin Station Road, Kolkata- 700 032
Center of Health and Para Medical Science
Main Courses offered
GNM | ANM
3 yrs. Course — যোগ্যতা- উচ্চ মাধ্যমিক পাশ
2 yrs. Course — যোগ্যতা- উচ্চ মাধ্যমিক পাশ
■ Diploma in Medical Laboratory Technology (DMLT) 2 yrs. Course যোগ্যতা- উচ্চ মাধ্যমিক পাশ



- স্টুডেন্ট ক্রেডিট কার্ড সুবিধা।
- নিজস্ব হসপিটালে প্র্যাক্টিক্যাল করার সুবিধা।
- ন্যূনতম ফি ও কিস্তির মাধ্যমে পরিশোধ করার সুবিধা।
- সকল ডিগ্রি সমস্ত সরকারি বেসরকারি চাকরিতে সর্বত্র মান্যতাপ্রাপ্ত।
- ছেলে ও মেয়ে পৃথক হস্টেলের সুবিধা।

Affiliated to NATIONAL COUNCIL OF VOCATIONAL AND RESEARCH TRAINING
Recognised by Govt. Of India
All courses are conducted in the Hospital's own department
Admission going on Baghajatin Centre
403, West Rajapur, Baghajatin Station Road, Kolkata- 700 032
Contact: 98300 67756 / 62922 64549
email: redplusvtc2021@gmail.com



NIDAN NURSING INSTITUTE
Address : Lalbagh (near Motijheel Park), Murshidabad
Affiliated to WBNC, West Bengal Health Department
Recognised by Indian Nursing Council
Murshidabad-এর একমাত্র INC অনুমোদিত Male Nursing Institute
GNM MALE NURSING COLLEGE
FACILITIES OF OUR INSTITUTE
- অভিজ্ঞ ডাক্তার এবং শিক্ষক মণ্ডলী দ্বারা ক্লাস করানো হয়
- State Govt. & Central Govt.-এর সমস্ত স্কলারশিপ এবং Student Credit Card
- Nidan Education & Welfare Scholarship upto 50,000/-
- Internship চলাকালীন Stipend-এর সুবিধা
- Course শেষে NABH হসপিটালে চাকরীর সহায়তা

DIRECT ADMISSION
GNM fees Rs.400000/-
Hostel Rs. 6000/- p.m.
Own 100 bedded Hospital NIDAN HEALTHCARE
8617741034, 9474316863
9593006364, 8373058411



AASTHA NURSING INSTITUTE
DEBIPUR, JIAGANJ, MURSHIDABAD
Approved by Department of Health and Family Welfare, Govt. of W.B, Affiliated to WBNC, WBUHS, Recognised by Indian Nursing Council
GNM & B.Sc. Nursing
FACILITIES OF OUR INSTITUTE
- অভিজ্ঞ ডাক্তার এবং শিক্ষক মণ্ডলী দ্বারা ক্লাস করানো হয়
- State Govt. & Central Govt.-এর সমস্ত স্কলারশিপ এবং Student Credit Card
- Aastha Education & Welfare Scholarship upto 50,000/-
- Internship চলাকালীন Stipend-এর সুবিধা
- Course শেষে NABH হসপিটালে চাকরীর সহায়তা

DIRECT ADMISSION
For B.Sc. Nursing +2 Science (PCB) and any JENPAS Rank Card.
Age must be above 17 years
GNM Fees Rs.360000/- & B.Sc. Fees Rs.460000/-
Hostel Rs. 6000/- p.m.
Own 100 bedded Hospital AASTHA HEALTHCARE
8617741034, 9593006364



GOKUL INSTITUTE OF NURSING
Approved by Department of Health and Family Welfare, Govt. of W.B, Affiliated to WBNC, WBUHS, Recognised by Indian Nursing Council
GNM
B.Sc. Nursing
GNM fees Rs.450000/-
B.Sc. fees Rs.500000/-
Hostel Rs. 6000/- p.m.
FACILITIES OF OUR INSTITUTE — A Unit of ANI
- Experienced Teaching Faculty
- Digital Library
- Modern Class Room
- Modern Lab
- Educational Loan Facility
- Student Credit Card

150 Bedded parent Hospital SVS MARWARI HOSPITAL
SCHOLARSHIP AVAILABLE
DIGBERIA (Camellia Institute of Technology), Madhyamgram, Kolkata - 700129
8116341247, 9474316863
7676826666, 9333310282

## এবার ঘরে ঘরে সরকারি চাকরির স্বপ্নপূরণে ICE Academy

**নিজস্ব প্রতিনিধি :** মধ্যবিত্ত পরিবারে আজও পেশা হিসাবে সরকারি চাকরির বিকল্প কিছু নেই। তাই কলেজে পড়তে পড়তেই অধিকাংশ ছাত্রছাত্রী সরকারি চাকরির প্রস্তুতি নিতে আগ্রহী হয়, যাতে কলেজ শেষ হওয়ার কয়েক বছরের মধ্যেই সরকারি চাকরির নিয়োগপত্র নিশ্চিত করা যায়। কিন্তু প্রচলিত প্রতিষ্ঠানগুলিতে এই প্রস্তুতির কোর্স ফি অনেকে ক্ষেত্রেই স্বপ্নপূরণের পথে বাধা হয়ে দাঁড়ায়। তাই অনেক মধ্যবিত্ত পরিবারের ছাত্রছাত্রীদের কাছেই সরকারি চাকরির স্বপ্ন অধরা হয়ে থেকে যায়। এই সমস্যার সমাধানে এবার এগিয়ে এসেছে ICA Academy. অত্যন্ত স্বল্প খরচে সেরা শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে সম্পূর্ণ বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ দিচ্ছে ICE Academy. এছাড়া সকল চাকরিপ্রার্থীদের মেধার ভিত্তিতে তাদের উপযুক্ত চাকরি বাছাই করতে ভর্তির আগে এখানে ফ্রিতে স্পেশাল কাউন্সেলিং এর ব্যবস্থা রয়েছে। বর্তমানে রাজ্য কেন্দ্রের বিভিন্ন সরকারি দফতরে কর্মরত প্রাক্তন ছাত্রছাত্রীরা এই প্রতিষ্ঠানের সাফল্যের খতিয়ান বহন করে। মাত্র ৩ মাস থেকে ১ বছরের মধ্যেই অনলাইন বা অফলাইনে সঠিক প্রশিক্ষণ নিয়ে এবার আপনিও পূরণ করতে পারেন সরকারি চাকরির স্বপ্ন। প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা — ICE Academy, ২২৭এ, রাসবিহারী অ্যাভিনিউ, বালিগঞ্জ, কলকাতা- ১৯ (বালিগঞ্জ রেলওয়ে স্টেশনের পাশে)। আসন্ন প্রাইমারি টেট, স্কুল সার্ভিস, ডব্লুবিসিএস, পিএসসি, রেল, ব্যাঙ্ক ও পুলিশ সহ বিভিন্ন পরীক্ষায় ১০০% প্রস্তুতির জন্য যোগাযোগ করতে হবে এই নম্বরে : ৯৮০৪৪১২৮৯৮, ৭০৪৪৫১৭৫০৯।

## রাজ্য সরকারের কোথায় কী স্কলারশিপ

১ পাতার পর

**(১) স্বামী বিবেকানন্দ মেরিট কাম মিনস স্কলারশিপ :**

(ক) মাধ্যমিক পাশদের জন্য : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা উচ্চমাধ্যমিক পড়ার জন্য স্কলারশিপ পাবেন। উচ্চমাধ্যমিক পড়তে মাসে ১,০০০ টাকা করে, ডিপ্লোমা কোর্স পড়তে মাসে ১,৫০০ টাকা করে পাবেন।

(খ) উচ্চমাধ্যমিক পাশদের জন্য : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা আর্টস, সায়েন্স ও কমার্স শাখার ডিগ্রি কোর্সে ভরতি হয়ে থাকলে স্কলারশিপ পাবেন। আর্টস ও কমার্স শাখার জন্য মাসে ১,০০০ টাকা করে আর সায়েন্স শাখার জন্য ১,৫০০ টাকা করে, ৩ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্সের ডিপ্লোমা, ফার্মাসির ডিপ্লোমা, মডার্ণ অফিস প্র্যাক্টিস ও ম্যানেজমেন্টের ডিপ্লোমা ইত্যাদি কোর্স পড়তে মাসে ১,৫০০ টাকা করে পাবেন। ডাক্তারি ও ইঞ্জিনিয়ারিং কোর্স পড়ার জন্য মাসে ৫,০০০ টাকা করে পাবেন। ডি.এল.এড. কোর্স পড়তে মাসে ১,০০০ টাকা করে পাবেন।

(গ) ডিগ্রি কোর্স পাশদের জন্য : মোট অন্তত ৫৩% (কন্যাশ্রী হলে ৪৫%) নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পড়ার জন্য স্কলারশিপ পাবেন। আর্টস ও কমার্স পড়ার জন্য মাসে ২,০০০ টাকা করে আর সায়েন্স ও অন্যান্য পেশাগত কোর্স পড়ার জন্য মাসে ২,৫০০ টাকা করে, ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পড়তে ও পেশাগত পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পড়তে মাসে ৫,০০০ টাকা করে পাবেন।

ওপরের সব ক্ষেত্রে পারিবারিক বার্ষিক আয় হতে হবে আড়াই লাখের মধ্যে। উচ্চমাধ্যমিক পড়ার জন্য স্কলারশিপ পেতে হলে পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত উচ্চমাধ্যমিক স্কুলে ভরতি হতে হবে। বেসরকারি উচ্চমাধ্যমিক স্কুলে ভরতি হলে যোগ্য নন। ডিগ্রি কোর্স পড়ার জন্য স্কলারশিপ পেতে হলে পশ্চিমবঙ্গের কোনো প্রতিষ্ঠান থেকে ডিগ্রি কোর্স, ইঞ্জিনিয়ারিং কোর্স বা, পেশাগত কোর্সে ভরতি হয়ে থাকতে হবে। পশ্চিমবঙ্গের বাইরের কোনো কলেজ বা, বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি, ইঞ্জিনিয়ারিং বা, পেশাগত ডিগ্রি কোর্সে ভরতি হয়ে থাকলে যোগ্য নন। সব ক্ষেত্রেই দ্বিতীয় বছরের জন্য রিনিউ করতে হয়।

এখন মাধ্যমিক পাশরা অনলাইনে দরখাস্ত করতে পারবেন। উচ্চমাধ্যমিক পাশদের জন্য এখনো অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়নি। অনলাইনে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : www.svmcm.wbhed.gov.in

**(২) মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে উচ্চশিক্ষার জন্য স্কলারশিপ (নবান্ন) :**

**উচ্চমাধ্যমিক ও স্নাতক স্তরে পড়ার জন্য :** পশ্চিমবঙ্গ শিক্ষা পর্ষদ / শিক্ষা সংসদ / বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত যে কোনো প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক পাশরা উচ্চমাধ্যমিক বা, স্নাতক স্তরে পড়ার জন্য এই স্কলারশিপ পাবেন। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক স্তরে মোট অন্তত ৫০% বা, তার উর্ধ্বে ও ৬০%'এর নিচে নম্বর পেয়ে থাকতে হবে।

**পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পড়ার জন্য :** আর্টস, সায়েন্স, কমার্স, ইঞ্জিনিয়ারিং, ডাক্তারি ইত্যাদির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পড়ার জন্য এই স্কলারশিপ পাবেন। ডিগ্রি কোর্সে মোট অন্তত ৫০% বা, তার উর্ধ্বে ও ৫৩%'এর নিচে নম্বর পেয়ে পাশ হতে হবে।

পারিবারিক বার্ষিক আয় হতে হবে ১,২০,০০০ টাকার মধ্যে। স্কলারশিপ পাবেন বছরে ১০,০০০ টাকা। আগে কোনো সরকারি বা, বেসরকারি বৃত্তি বা, ভাতা পেয়ে থাকলে যোগ্য নন।

আগ্রহী প্রার্থীরা পারিবারিক আর্থিক দুরবস্থা ও বর্তমানে কি পড়ছে তা জানিয়ে মুখ্যমন্ত্রীকে নিজের হাতের লেখায় (সম্পূর্ণ ঠিকানা, ফোন নম্বর, ই-মেল আই.ডি. দিয়ে) চিঠি লিখতে হবে। আবেদনপত্র নিজ এলাকার এম.এল.এ. /এম.পি.-র দ্বারা সুপারিশ থাকতে হবে। সঙ্গে মার্কশীট, অ্যাডমিট কার্ড, ভরতির রসিদ, ফ্যামিলি ইনকামের সার্টিফিকেট (এই সার্টিফিকেট বি.ডি.ও., এস.ডি.ও., জয়েন্ট বি.ডি.ও., ডি.এম., কর্পোরেশনের ডেপুটি কমিশনার বা, মিউনিসিপ্যালিটির এক্সিকিউটিভ অফিসারের থেকে নিতে হবে)। সঙ্গে ব্যাঙ্কের অ্যাকাউন্ট নম্বর, আই.এফ.এস.সি. কোড. ইত্যাদি থাকতে হবে। আবেদনপত্র ই-মেল করতে হবে এই মেল আই.ডি. তে : wbcmrfedu2020@gmail.com এছাড়াও বিকাশ ভবনে যোগাযোগ করতে পারেন।

**(গ) ওয়েস্ট বেঙ্গল পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ (তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি.) :** রাজ্য সরকারের ব্যাকওয়ার্ড ক্লাসেস বিভাগ তপশিলী জাতি, তপশিলী উপজাতি আর ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীদের জন্য এই স্কলারশিপ দেয়। একাদশ, দ্বাদশ, ডিগ্রি ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি স্তরে এই স্কলারশিপ পাওয়া যায়। ও.বি.সি. প্রার্থীদের বেলায় পারিবারিক বার্ষিক আয় হতে হবে ১ লাখ টাকার মধ্যে। আর তপশিলীদের বেলায় বার্ষিক আয় হতে হবে ২ লাখ থেকে আড়াই লাখের মধ্যে। বছরে ৫,০০০-১৪,০০০ টাকা পর্যন্ত স্কলারশিপ পাবেন।

**(ঘ) ওয়েস্ট বেঙ্গল প্রি-ম্যাট্রিক স্কলারশিপ (তপশিলী জাতি ও তপশিলী উপজাতি) (OASIS) :** রাজ্য সরকারের ব্যাকওয়ার্ড ক্লাসেস বিভাগ তপশিলী জাতি, তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য এই স্কলারশিপ দেয়। নবম ও দশম শ্রেণিতে পাঠরতরা এই স্কলারশিপ পায়। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ২ লাখ টাকার মধ্যে।

**(ঙ) বিজ্ঞানী কন্যা মেধা বৃত্তি স্কলারশিপ :** তপশিলী জাতি, তপশিলী উপজাতি আর ও.বি.সি. সম্প্রদায়ের মহিলা প্রার্থীদের জন্য এই স্কলারশিপ দেওয়া হয়। এই স্কলারশিপ দেয় কলকাতার জগদীশ বোস ন্যাশনাল ট্যালেন্ট সার্চ (JBNSTS). দশম, দ্বাদশ, ডিগ্রি ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি স্তরে সায়েন্স বিষয়ে পাঠরতদের জন্য এই স্কলারশিপ পাওয়া যায়। ও.বি.সি. প্রার্থীদের বেলায় পারিবারিক বার্ষিক আয় হতে হবে ১ লাখ টাকার মধ্যে। আর তপশিলীদের বেলায় বার্ষিক আয় হতে হবে আড়াই লাখের মধ্যে। বছরে ২৪,০০০ টাকা স্কলারশিপ দেওয়া হয়। প্রার্থী বাছাই হয় এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে।

**(চ) ওয়েস্ট বেঙ্গল ট্যালেন্ট সাপোর্ট স্টাইপেন্ড প্রোগ্রাম :** সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীরা এই স্কলারশিপ পেয়ে থাকে। যে কোর্সে পড়ছেন, তার আগের কোর্সে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

**(ছ) ওয়েস্ট বেঙ্গল ফ্রি-শিপ স্কলারশিপ (WBFS) :** সরকারি বা, বেসরকারি ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি ও আর্কিটেকচারের ডিগ্রি কোর্স পড়ার জন্য এই স্কলারশিপ দেওয়া হয়। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ২ লাখ টাকার মধ্যে। স্বামী বিবেকানন্দ মেরিট কাম মিনস স্কলারশিপের জন্য দরখাস্ত করলে এই স্কলারশিপ পাবেন না। টিউশন ফী ওইভার স্কিমে দরখাস্ত করতে হবে। পুরো কোর্স ফী স্কলারশিপ হিসাবে দেওয়া হবে। ওপরের সব ক্ষেত্রে বিস্তারিত তথ্য রাজ্য সরকারের ওয়েবসাইটে পাবেন। এছাড়াও বিস্তারিত তথ্য বি.ডি.ও., এস.ডি.ও. অফিসেও পেতে পারেন।

## চাকরির পরীক্ষার গাইড

# অ্যারিথমেটিক

1. Ram and Hari can cut 12 kgs nuts in 2 days. After 5 days, Hari left the work. Ram took 8 more days to cut the rest of the nuts. If total of 58 kgs of nuts were cut, the time taken by Hari to cut 10 kgs of nuts is

(A) 1 day (B) 2 days
(C) 3 days (D) 4 days

2. A trader marks his goods in such a way that after allowing a discount of 10% he gains 15%. If an article costs him Rs. 720, his marked price is

(A) Rs.920 (B) Rs.900
(C) Rs.820 (D) Rs.950

3. If a certain amount is fully distributed among A, B and C in such a way that A receives $\frac{1}{2}$ of the amount, B receives $\frac{1}{3}$ of the amount and C receives Rs. 1,200, then how much money would A receive ?

(A) Rs. 4,000 (B) Rs. 1,600
(C) Rs. 3,600 (D) Rs. 1,800

4. The selling price of an article is $\frac{8}{5}$ th of its cost price. Then the gain percentage is

(A) 20% (B) 28% (C) 60% (D) 68%

5. If the salary of Manoj is 40% less than that of Subhash, then by how much percentage is the salary of Subhash more than that of Manoj?

(A) 60% (B) $66\frac{1}{4}$% (C) $66\frac{2}{3}$% (D) 65%

6. A passenger train running at the speed of 80 kms./hr leaves the railway station 6 hours after a goods train leaves and overtakes it in 4 hours. What is the speed of the goods train?

(A) 32 km/hr (B) 50 km/hr
(C) 45 km/hr (D) 64 km/hr

7. How much simple interest will Rs. 4,000 earn in 18 months at 12% per annum ?

(A) Rs. 216 (B) Rs. 360
(C) Rs. 720 (D) Rs. 960

8. If $a+\frac{1}{a}=2$, then the value of $\left(a^5+\frac{1}{a^5}\right)$ will be

(A) 0 (B) 1 (C) 3 (D) 2

9. The value of $\left(\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}-4\sqrt{3}\right)^2$ is

(A)36 (B) $36\sqrt{3}$
(C) 49 (D) $49+\sqrt{3}$

10. The mid points of AB and AC of the ΔABC are P and Q respectively. If PQ = 6 cm., then the side BC is

(A) 10 cm. (B) 12 cm.
(C) 8 cm. (D) 14 cm.

### সেকেন্ডে উত্তরের কৌশল

**1(D).** 1 দিনে রাম ও হরি বাদাম কাটে = $\frac{12}{2}$ কিলোগ্রাম = 6 কিলোগ্রাম.....(i)

5 দিনে বাদাম কাটে = 30 কিলোগ্রাম।

রাম একা বাদাম কাটে = 58 − 30 = 28 কিলোগ্রাম। সময় = 8 দিন। তাহলে, 1 দিনে রাম বাদাম কাটে = $\frac{28}{8}$ = 3.5 কিলোগ্রাম।

তাহলে, সমীকরণ (i), থেকে পাই, হরি 1 দিনে বাদাম কাটে = (6 − 3.5) কিলোগ্রাম = 2.5 কিলোগ্রাম। তাহলে, হরি10 কিলোগ্রাম বাদাম কাটে = $\frac{10}{2.5}$ = 4 দিন।

**2(A).** মনে করি, জিনিসটির চিহ্নিত মূল্য x টাকা। প্রশ্নানুসারে, x এর 90% = 720 × 115% $\Rightarrow x\times\frac{90}{100}=720\times\frac{115}{100}$

$\Rightarrow x=\frac{115\times720}{90}$ = 920 টাকা।

**3(C).** মনে করি, মোট টাকা x। প্রশ্নানুসারে,

$\frac{x}{2}+\frac{x}{3}+1{,}200=x\Rightarrow x-\frac{x}{2}-\frac{x}{3}=1{,}200\Rightarrow\frac{6x-3x-2x}{6}=1{,}200\Rightarrow\quad=1{,}200\Rightarrow x=1{,}200\times6$ = 7,200 টাকা।

A'র ভাগ = $\left(\frac{7200}{2}\right)$ টাকা = 3,600 টাকা।

**4(C).** মনে করি, জিনিসটির ক্রয়মূল্য x টাকা। তাহলে, বিক্রয়মূল্য = $\frac{8x}{5}$ টাকা।

লাভ = $\frac{8x}{5}-x=\frac{8x-5x}{5}=$ টাকা।

তাহলে, শতকরা লাভ = $\frac{\frac{3x}{5}}{x}\times100x=\frac{3}{5}\times100=60\%$.

**5(C).** $\%=\frac{40}{100-40}\times100=\frac{40\times100}{60}=\quad=66\frac{2}{3}\%$.

**6(A).** মনে করি, মালগাড়ির গতিবেগ ঘন্টায় x কিলোমিটার। 10 ঘন্টায় মালগাড়ি যে দূরত্ব গেছে = 4 ঘন্টায় যাত্রীবাহী ট্রেন যে দূরত্ব গেছে ⇒ $10x=80\times4\Rightarrow x=\frac{80\times4}{10}$ = ঘন্টায় 32 কিলোমিটার।

**7(C).** সরল সুদ = $\frac{\text{মূলধন}\times\text{সময়}\times\text{সুদের হার}}{100}$

= টাকা $\left(4000\times\frac{18}{12}\times\frac{12}{100}\right)$ = 720 টাকা।

**8(D).** $a+\frac{1}{a}=2\Rightarrow a^2+1=2a$

$\Rightarrow a^2-2a+1=0$

$\Rightarrow(a-1)^2=0$


$\Rightarrow a-1=0\Rightarrow a=1\ \therefore a^5+\frac{1}{a^5}=1+1=2$

**9(C).** $\left(\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}-4\sqrt{3}\right)^2$

$=\left\{\left(\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}}\times\frac{2+\sqrt{3}}{2+\sqrt{3}}\right)-4\sqrt{3}\right\}^2=\left\{\frac{(2+\sqrt{3})^2}{4-3}-4\sqrt{3}\right\}^2$

$=(4+4\sqrt{3}+3-4\sqrt{3})^2=7^2=49$.

**10(B).**




তাহলে, BC = 2 × PQ = 2 × 6 = 12 cm.

# টেট পরীক্ষার প্রস্তুতি



**দীর্ঘদিনের অপেক্ষার অবসান। রাজ্যের লাখ-লাখ বেকার যুবক-যুবতীর জন্য সুখবর। এবছর থেকে 'টেট' নিয়মিত হবে। কয়েক সপ্তাহের মধ্যে যেকোনো দিনই বিজ্ঞপ্তি বেরোবে। হাতে সময় প্রায় নেই বললেই চলে। তাই এখন থেকেই প্রতিটি বিষয় ধরে নিতে হবে সঠিক প্রস্তুতি। এই পরীক্ষার অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় 'বাংলা' নিয়ে আলোচনা করলেন দীর্ঘ ৩৬ বছর ধরে সুনামের সাথে চলতে থাকা, চাকরি পরীক্ষার অন্যতম সেরা প্রতিষ্ঠান RICE-এর বাংলা বিভাগের শিক্ষক সুমন মুখার্জী।**

প্রথমেই একটা কথা পরিষ্কার করে দিই, সঠিক প্রস্তুতি নিলে যে কোনো সরকারি পরীক্ষা, মধ্য মেধার কোনো ছেলেমেয়ের ক্র্যাক করতে বড়জোড় ১ থেকে ২ বছর লাগে। কিন্তু এই সফলতা পেতে সবচেয়ে জরুরি হল পরিকল্পনামাফিক প্রস্তুতি। তাই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোনোর কিছুদিন আগে থেকেই যদি সঠিক পরিকল্পনা নিয়ে প্রস্তুতি নেওয়া হয়, তাহলে ওই পরীক্ষায় খুব সহজেই পাশ করতে পারবেন। অনেক দিনের প্রতীক্ষিত টেট পরীক্ষার জন্য সঠিক পদ্ধতিতে প্রস্তুতি নিলে যে কেউ নিশ্চিত সাফল্য পেতে পারেন। TET পরীক্ষার নানান বিষয়ের মধ্যে প্রথম ভাষা হিসাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হল বাংলা। এই বিষয়ে মোট ৩০ নম্বরের পরীক্ষা দিতে হবে। প্রস্তুতির শুরুতে গোটা পাঠ্যক্রম ভালোভাবে বুঝে নিলে অনায়াসেই এই ৩০ নম্বর পাওয়া যাবে। বাংলা বিষয়ে ২টি মূল অংশ রয়েছে। এগুলি হল: বিষয়ভিত্তিক অংশ ও পেডাগগি। বিষয়ভিত্তিক অংশে সাধারণত ব্যাকরণগত প্রশ্ন ও কিছু কিছু বোধমূলক প্রশ্ন থাকে। টেট পরীক্ষার আগের সব বছরের প্রশ্নের ধরন দেখলে বোঝা যাবে,কমিশন ২টি ভাগে বিষয়ভিত্তিক সব প্রশ্ন দিয়ে থাকে। এরমধ্যে একটি অনুচ্ছেদ ও অন্যটি স্তবক রয়েছে। দু'ক্ষেত্রেই মাল্টিপল চয়েস (MCQ) উত্তরভিত্তিক প্রশ্ন করা হয়। একটি প্রশ্নের জন্য সম্ভাব্য ৪টি উত্তরের বিকল্প দেওয়া থাকে। সাধারণত ৮-৭ বা ৭-৮ এভাবেই নম্বরের বিভাজন করা হয়। বিষয়ভিত্তিক প্রশ্নের জন্য ১৫ নম্বর থাকে। অন্যদিকে, পাঠ্যক্রমে বাংলা ব্যাকরণের মোট ১৫টি বিষয় এক্ষেত্রে পড়তে হবে। এর মধ্যে ধ্বনি, বর্ণ, শব্দ, পদ, সমার্থক শব্দ, পদান্তর, এককথায় প্রকাশ, কারক ও সন্ধি হল অত্যন্ত গুরুত্বপূর্ণ অধ্যায়। ছাত্রছাত্রীরা ভালো করে এইসব বিষয় অনুশীলন করলে প্রথম ১৫ নম্বর পাওয়াতে একেবারেই অসুবিধা হবে না। দ্বিতীয় অংশের ১৫ নম্বরে পুরোটাই পেডাগগি রয়েছে। এই অংশে মোট ৯টি বিষয় পড়তে হবে। এগুলি হল: ভাষা বিকাশের শিক্ষণ বিজ্ঞান, ভাষা শিক্ষণের নীতিসমূহ ও ভাষাগত দক্ষতা, ব্যাকরণ শেখানোর পদ্ধতি, বৈচিত্র্যযুক্ত শ্রেণিকক্ষে শিক্ষার্থীর ভাষা শিক্ষণের চ্যালেঞ্জ, ভাষার দক্ষতা, ভাষাগত বোধশক্তি ও দক্ষতা অর্জনের মূল্যায়ন, শিক্ষা সহায়ক উপকরণ, পাঠ্যপুস্তক ও মাল্টিমিডিয়া আর সংশোধনমূলক শিক্ষণ। পেডাগগির অংশে সাফল্য পেতে তথ্যভিত্তিক পড়াশোনার পাশাপাশি নিরন্তর অনুশীলন করতে হবে। পেডাগগির ক্ষেত্রে প্রত্যেকটি অধ্যায় থেকে ২ ধরনের প্রশ্ন আসতে পারে। একটি নির্দিষ্ট তথ্যভিত্তিক ও অন্যটি বোধমূলক অর্থাৎ যেখানে পরীক্ষার্থীকে নিজস্ব বোধ ও ধারণা দিয়ে উত্তর বাছতে হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীরা সবাই নির্দিষ্ট ডিগ্রির অধিকারী হওয়ায় পেডাগগির ওইসব বিষয় বুঝতে তাদের কোনো অসুবিধা হওয়ার কথা নয়। সঠিক পদ্ধতিতে প্রস্তুতি নিলে টেট পরীক্ষায় বাংলা বিষয়ে ছাত্রছাত্রীদের ভয় বা চিন্তা অনেকটাই দূর হবে। আশা করি ছাত্রছাত্রীদের পদ্ধতিগত নির্ভুলতা ও কঠোর অধ্যবসায় সাফল্যের পথ অচিরেই সুগম করবে। সব পরীক্ষার্থীদের জন্য শুভকামনা রইল। আগামী দিন আপনাদের সাফল্যে উদ্ভাসিত হোক।

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ**

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ৬ মাসের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটরি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামোয় উন্নত ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে মনোরম পরিবেশে আছে ক্লাস করার সুযোগ। ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO), Webel IT Park, Krishnagar, Nadia – 741101 (Near Krishnagar Horticulture Office). ফোন : 9064922886, 7001279061. ওয়েবসাইট : www.sipto.org ই-মেল : www.sipto19@gmail.com

## ১৭ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

কম্পিউটার অ্যাপ্লিকেশনের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে যোগ্য। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৬, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট :** আর্টস, সায়েন্স, কমার্স, ম্যানেজমেন্ট, কম্পিউটার অ্যাপ্লিকেশনের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে যোগ্য। ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৮০টি শব্দ তোলার গতি থাকতে হবে। কমার্শিয়াল বা, সেক্রেটারিয়েল প্র্যাক্টিসের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা স্টেনো-টাইপিস্ট বা, স্টেনোগ্রাফারের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৮০টি শব্দ তোলার গতি থাকতে হবে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

দুই ক্ষেত্রেই বয়স হতে হবে ৭-১০-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.prl.res.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা অনলাইনে জমা দেবেন ২ অক্টোবরের মধ্যে। অফলাইনে চালানের মাধ্যমে টাকা জমা দিতে হবে ৬ অক্টোবরের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

JIS UNIVERSITY
B.Ed
যোগ্যতা
স্নাতক ও স্নাতকোত্তরে যে কোন বিষয়ে নূন্যতম ৫০ শতাংশ নম্বর
আবেদন করুন www.jisuniversity.ac.in
অথবা সরাসরি যোগাযোগ করুনঃ
86977 43361 | 93309 06163

মেদিনীপুর শহরে স্বল্প ব্যয়ে নার্সিং পড়ার সুযোগ
GNM (3 Years) HS pass with 40%
Course Fee- Rs. 5 Lakhs (with Hostel) (তিনটি সম বাৎসরিক কিস্তিতে প্রদেয়)
B.Sc. Nursing (4 Years) HS pass with 45% (Science)
Course Fee- Rs. 6.5 Lakhs (with Hostel) (চারটি সম বাৎসরিক কিস্তিতে প্রদেয়)
Pratima Institute of Nursing And Health Science
Rangamati, Midnapore- 721102 (Near Midnapore Rly. Station)
Affiliation by West Bengal Nursing Council
Approved by Health & Family Welfare Deptt., Govt. of West Bengal and the West Bengal University of Health Sciences, INC (Applied).
Attached Hospitals:
Midnapore Medical College and Hospital.
Kharagpur Sub-Divisional Hospital.
Deypara Chandra BPHC.
Glocal Hospital, Midnapore (Parent Hospital)
Contact Nos: 9735655201 / 7718147170 / 9434017431

কেরিয়ার গড়ে উঠুক
প্রকৃতির হাতে, প্রযুক্তির সাথে
JIS GROUP
Educational Initiatives
ভর্তি চলছে ২০২২ - ২০২৩
উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য JIS-এর পাঠ্যক্রমে এক অভিনব সংযোজন। কৃষি প্রযুক্তি বিজ্ঞানের মাধ্যমে ভবিষ্যত উজ্জ্বল করার এক সুবর্ন সুযোগ।
JIS COLLEGE OF ENGINEERING
B. Tech (এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং)
(4 বছর) [AICTE দ্বারা স্বীকৃত এবং MAKAUT - এর সাথে সংযুক্ত]
87773 41448 | 84209 34826
যোগ্যতা: পদার্থবিদ্যা, রসায়ন, গণিত / WBJEE/CEE-AMPAI-WB-22 সহ উচ্চমাধ্যমিক পাশ
Upto 100% Scholarship Available
JIS UNIVERSITY
School of Agricultural Sciences
B.Sc কৃষি বিজ্ঞান (অনার্স)
(4 বছর) [ICAR সিলেবাস অনুযায়ী]
62913 20657 | 72783 57829
যোগ্যতা: বিজ্ঞান ও ভোকেশনাল এগ্রিকালচার কোর্সের সাথে উচ্চমাধ্যমিক পাশ
Accreditations Affiliations & Approvals
UGC | AICTE
PLACEMENT TRAINING FROM DAY 1
Block A, Phase-III
Kalyani - 741235
APPLY NOW
www.jisgroup.org

## কেন্দ্রীয় সরকারে ২০ হাজার

১ পাতার পর

বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স), বিজনেস ইকনমিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়।

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার' পদের জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অঙ্ক বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য।

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-।।' পদের জন্য আবেদন করতে পারেন।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'অ্যাসিস্ট্যান্ট ইন ন্যাশনাল কোম্পানি ল অ্যাপেলেট ট্রাইবুন্যাল' পদের জন্য আবেদন করতে পারেন। আইনের ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'রিসার্চ অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন)' পদের জন্য আবেদন করতে পারেন। গবেষণার কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ওপরের সব পদের বেলায় যাঁরা এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষা দিয়েছেন, তাঁরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় এবছর ৮ অক্টোবরের মধ্যে পাশ মার্কশীট দেখাতে হবে। কোন গ্রুপে কত মাইনে ও কত বয়স থাকতে হবে :

**অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। চাকরি হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট আন্ডার ক্যাগ-এ, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। চাকরি হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট আন্ডার ক্যাগ-এ, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিসে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে ইন্টেলিজেন্স ব্যুরোতে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ রেলওয়েতে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ এক্সটার্নাল অ্যাফেয়ার্সে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে এএফএইচ.কিউ, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট /অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রিজ /ডিপার্টমেন্টস /অর্গানাইজেশনে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর অফ ইনকাম ট্যাক্স।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি., 'সি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ)।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর (প্রিভেন্টিভ অফিসার)।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর (এক্সামিনার)।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে ডিরেক্টরেট অফ এনফোর্সমেন্ট, ডিপার্টমেন্ট অফ রেভিনিউয়ে, 'বি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশনে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর পোস্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ পোস্টে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রণালয় /বিভাগ /সংস্থায়, 'বি' শ্রেণিতে।

**ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে-হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'এর অধীন অফিসার পদে, 'বি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে, 'বি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর /জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে ন্যারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে, 'বি' শ্রেণিতে।

**জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার।** বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনে, 'বি' শ্রেণিতে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি অ্যান্ড এ.জি.-তে, 'সি' শ্রেণিতে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি.জি.ডি.এ.-তে, 'সি' শ্রেণিতে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রি / ডিপার্টমেন্টসে, 'সি' শ্রেণিতে।

**অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'র অধীনে, 'সি' শ্রেণিতে।

**অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টসের অধীনে, 'সি' শ্রেণিতে।

**অ্যাকাউন্ট্যান্ট / জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রণালয় বা, বিভাগে, 'সি' শ্রেণিতে।

**পোস্টাল অ্যাসিস্ট্যান্ট /সর্টিং অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে ডাকবিভাগে, 'সি' শ্রেণিতে।

**সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট /আপার ডিভিশন ক্লার্ক।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল গভঃ অফিস/মিনিস্ট্রিজ আদার দ্যান সি.এস.সি.এস. ক্যাডারে, 'সি' শ্রেণিতে।

**সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে, 'সি' শ্রেণিতে।

**ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি.-তে, 'সি' শ্রেণিতে।

**ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.-তে, 'সি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'সি' শ্রেণিতে।

**আপার ডিভিশন ক্লার্ক।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে বর্ডার রোডস অর্গানাইজেশনে, 'সি' শ্রেণিতে।

১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৫ থেকে ১-১-২০০৪'এর মধ্যে।

১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯২ থেকে ১-১-২০০৪'এর মধ্যে।

২০ থেকে ৩০ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯২ থেকে ১-১-২০০২'এর মধ্যে।

১৮ থেকে ৩২ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯০ থেকে ১-১-২০০৪'এর মধ্যে।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২২'র হিসাবে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর পদে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ (উপজাতি ও পাহাড়ি অঞ্চলের প্রার্থী হলে ১৬০) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫০ (উপজাতি ও পাহাড়ি অঞ্চলের প্রার্থী হলে ১৪৫) সেমি। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯, কাছের বেলায় এক চোখে ০.৬ ও অন্য চোখে ০.৮।

ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/এক্সামিনার/প্রিভেন্টিভ অফিসার /ইন্সপেক্টর) ও সাব-ইন্সপেক্টর (সি.বি.এন.) পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৫২.৫) সেমি, বুকের ছাতি না ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি। এই পদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার পায়ে হাঁটা আর ৩০ মিনিটে ৮ কি.মি. সাইকেল চালানো। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ (তপশিলী উপজাতি হলে ১৪৯.৫) সেমি আর ওজন হতে হবে ৪৮ (তপশিলী উপজাতি হলে ৪৬) কেজি। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ২০ মিনিটে ১ কি.মি. পায়ে হাঁটা আর ২৫ মিনিটে ৩ কি.মি. সাইকেল চালানো। শূন্যপদ প্রায় ২০,০০০'এর মতো। তবে শূন্যপদের সংখ্যা আরো বাড়তে পারে। মোট শূন্যপদের মধ্যে তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি., ই.ডব্লু.এস., প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Graduate Level Examination, 2022'এর মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ২টি ধাপে। প্রথম ধাপ (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ডিসেম্বর মাস নাগাদ। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা (কোড ৪১১০), শিলিগুড়ি (৪৪১৫), আসানসোল (৪৪১৭), কল্যাণী (৪৪১৯), বর্ধমান (৪৪০৪), দুর্গাপুর (৪৪২৬), গ্যাংটক (৪০০১), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), পটনা (৩২০৬), রাঁচি (৪২০৫), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), ইম্ফল (৫৫০১), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), আগরতলা (৫৬০১), কোহিমা (৫৩০২), শিলচর (৫১১১), পোর্ট ব্লেয়ার (৪৮০২), সম্বলপুর (৪৬০৯), জোড়হাট (৫১০৭), চূড়াচন্দপুর (৫৫০২), মজঃফরপুর (৩২০৫)।

সব পদের বেলায় প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৪) ইংলিশ কম্প্রিহেনশন -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। মোট ১ ঘন্টার পরীক্ষা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা দিতে পারবেন।

দ্বিতীয় ধাপের (দ্বিতীয় টায়ার) পরীক্ষায় থাকবে ৩টি পেপার। প্রথম পেপারে সেশন-১'এ থাকবে ৩টি সেকশন। সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স - ৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর।

সেকশন-২'এ থাকবে ২১০ নম্বরের ৭০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪৫টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন -১ ও সেকশন -২-এ সময় থাকবে ১ ঘন্টা।

সেকশন-৩'এ থাকবে ৬০ নম্বরের ২০টি প্রশ্ন হবে কম্পিউটার নলেজ মডিউল-১। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ১৫ মিনিট।

দ্বিতীয় পেপারে ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে স্ট্যাটিস্টিক্স বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা।

তৃতীয় পেপারে ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (ফিনান্স অ্যান্ড ইকনমিক্স বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার' পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় দ্বিতীয় পেপারের পরীক্ষা দিতে হবে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার বা, অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার' পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় তৃতীয় পেপারের পরীক্ষা দিতে হবে।

দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে।

ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। টায়ার-।'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তর দিলে প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। টায়ার-।।'এর বেলায় সেকশন-১, সেকশন-২ ও সেকশন -৩'এর মডিউল-১'এর প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। দ্বিতীয় পেপার ও তৃতীয় পেপারের প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। সব ক্ষেত্রেই উত্তর দিতে হবে 'ও.এম.আর.' শীটে।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় কম্পিউটারে ঘন্টায় ৮,০০০ কী ডিপ্রেশনের গতিতে ডাটা এন্ট্রি টেস্ট নেওয়া হবে।

পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, www.sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ সেপ্টেম্বর থেকে ৮ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ৯ অক্টোবরের মধ্যে। আর চালানের মাধ্যমে জমা দিতে চাইলে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে জমা দেবেন ৮ অক্টোবরের মধ্যে। টাকা নগদে চালানের মাধ্যমে দিতে চাইলে চালান প্রিন্ট করে নেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। এরপর জে.পি.জি. ফর্মাটে ফটো ও স্ক্যান করা সিগনেচার লাগবে। সবশেষে রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্মে ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ১২ ও ১৩ অক্টোবরের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন, ওপরের ওই ওয়েবসাইটে।

# সিজিএল-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে ২০ হাজার নিয়োগ

**এ সপ্তাহেই স্টাফ সিলেকশন কমিশনের অন্যতম জনপ্রিয় পরীক্ষা কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল-এর বিজ্ঞপ্তি বেরিয়েছে। শূন্যপদের সংখ্যা এযাবৎকালের মধ্যে সবচেয়ে বেশি - প্রায় ২০ হাজার। এছাড়াও সামনেই রয়েছে অনেক সরকারি পরীক্ষা যার শূন্যপদের সম্মিলিত সংখ্যা প্রায় ২ লাখের কাছাকাছি। এই ধরনের পরীক্ষায় ঠিক কীরকম প্রস্তুতি নিলে সাধারণ ছাত্রছাত্রীরাও সরকারি চাকরির সুনিশ্চিত কেরিয়ার তৈরি করতে পারবে তা জানালেন দীর্ঘ ২৭ বছর ধরে চলা রাজ্যের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান MIES-এর কর্ণধার জয়ন্ত কুমার মজুমদার**

গ্র্যাজুয়েশনের রেজাল্ট বেরোনোর পর ছেলেমেয়েদের লক্ষ্য থাকে কীভাবে কেরিয়ার গড়বে। এরমধ্যে কিছু সংখ্যক ছাত্রছাত্রী ডাক্তার, ইঞ্জিনিয়ার, ল'য়ের মতো প্রফেশনাল কোর্স পড়ে কেরিয়ার গড়ে। কিন্তু এরপরও পড়ে থাকে বিপুল সংখ্যক ছাত্রছাত্রী। এদের মধ্যে কিছু ছাত্রছাত্রী সরকারি চাকরি অর্থাৎ সুনিশ্চিত ভবিষ্যত গড়ার লক্ষ্য নেন। সঠিক পদ্ধতিতে নিবিড় অনুশীলন করলেই যেকেউ সরকারি চাকরি পেতে পারেন। ডব্লিউবিসিএস, এসএসসি (সিজিএল, সিএইচএসএল, এমটিএস), ব্যাঙ্ক (সিএল, পিও), রেল, পিএসসির (ক্লারিকাল, মিসলেনিয়াস) পরীক্ষা প্রতি বছর হয়ে থাকে। এছাড়াও স্কুল সার্ভিস (টেট, এসএসএসটি), আপার প্রাইমারি টেট, প্রাইমারি টেট এই ধরনেরও পরীক্ষা রয়েছে। প্রতিটি পরীক্ষার সিলেবাসের ধরন প্রত্যেকটির থেকে আলাদা। ছাত্রছাত্রীদের মনে রাখতে হবে স্কুল, কলেজ, ইউনিভার্সিটির পরীক্ষার থেকে প্রতিযোগিতামূলক পরীক্ষা অনেকটাই অন্যরকমের হয়। বেশ কিছু পরীক্ষায় অবজেক্টিভ ও ডেসক্রিপটিভ ২ ধরনের প্রশ্ন থাকে। আর অনেকগুলি ধাপে পরীক্ষা হয়। এক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় - সিলেবাস অনুযায়ী খুঁটিয়ে পড়ে সময়ের মধ্যে সঠিক উত্তর লেখা। দীর্ঘ ২৭ বছর ধরে 'মাইস' সারা রাজ্যের লাখ লাখ ছাত্রছাত্রীকে সরকারি চাকরি পেতে সাহায্য করে আসছে। এত বছর ধরে চলা এই প্রতিষ্ঠানের ইউনিক পয়েন্ট — এখানে হাজার হাজার ছাত্রছাত্রী নিয়মিত ক্লাস টেস্ট, মডেল টেস্ট, মকটেস্ট, অনলাইন টেস্ট, ডাউট ক্লিয়ারিং ক্লাস-এর মাধ্যমে নিজেদের প্রস্তুতি এমন জায়গায় নিয়ে যায় যেখান থেকে তারা সহজেই পরীক্ষায় সফল হয়। এছাড়াও এখানকার অনলাইন কোর্সের মাধ্যমে বাড়িতে বসেই অনেকে সরকারি চাকরির ঠিকঠাক মতো প্রস্তুতি নিতে পারে। বছরের পর বছর ধরে সরকারের নানান দফতরে ও স্কুল-কলেজে এখানকার ছাত্রছাত্রীরা রয়েছেন। এই দীর্ঘমেয়াদী সাফল্য, উন্নত পরিকাঠামো, অত্যাধুনিক পদ্ধতিতে ট্রেনিং, ছাত্রছাত্রীদের নিবিড় অনুশীলন 'মাইস'কে সাফল্যের শিখরে পৌঁছেতে সাহায্য করেছে। গ্র্যাজুয়েট ও পোস্ট গ্র্যাজুয়েট ছাত্রছাত্রীরা বসে না থেকে এখনই উপযুক্ত কেরিয়ার গড়ার জন্য প্রস্তুতি নিতে শুরু করে দিন।

কেন্দ্র ও রাজ্য সরকারে চাকরির ক্ষেত্রে প্রতিযোগিতা দিন দিন বাড়ছে। তাই কোটি কোটি প্রতিদ্বন্দ্বীকে টপকে নিশ্চিত সাফল্য পেতে অক্লান্ত পরিশ্রমের পাশাপাশি পরিকল্পনামাফিক প্রস্তুতি ও দ্রুত উত্তর দিতে পারার দক্ষতা রপ্ত করা দরকার। এজন্য শর্টকাট টেকনিক শিখে ও বারবার প্র্যাকটিস করে চটজলদি উত্তর দেওয়ার পদ্ধতি রপ্ত করতে হবে। অঙ্ক, ইংরিজি, জিআই, ইতিহাস, ভূগোল, বিজ্ঞান, ভারতের সংবিধান, অর্থনীতি-সহ সব বিষয়ের ক্ষেত্রে মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক বই খুঁটিয়ে অধ্যায় ধরে ধরে পড়ার প্রয়োজন রয়েছে। এরপর অভিজ্ঞ শিক্ষকদের থেকে 'এক্সপার্ট' শিক্ষা নেওয়া দরকার। এই বিষয়ে এই প্রতিষ্ঠানের ফ্যাকাল্টিরা একমেবাদ্বিতীয়ম। ঠিক কী ধরনের পরীক্ষা দিলে সাধারণ মেধার ছাত্রছাত্রীরা সরকারি চাকরি পাবেই, তা জানতে ফ্রী কাউন্সেলিংয়ের জন্য যোগাযোগ করুন 'মাইস'এর এই নম্বরে : ৮৪২০০০৫৯০৩, ৮৪২০০০৫৯০৪, ৯১২৩৩৬৭৮৩৭, ৯৬৭৪৯৪৮৩০৬ অথবা সরাসরি চলে আসুন 'মাইস'এর হেড অফিস সোনারপুর অথবা আপনার কাছাকাছি 'মাইস'এর (শিয়ালদহ, বারাসাত, বেহালা চৌরাস্তা, কোন্নগর) যে কোনো শাখায়।

## ভারত হেভি ইলেক্ট্রিক্যালসে

১ পাতার পর

প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন টেকনোলজি ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন, পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, থার্মাল ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং টেকনোলজি, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)।

**ইলেক্ট্রিক্যাল** : ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, হাই ভোল্টেজ ইঞ্জিনিয়ারিং, পাওয়ার সিস্টেম অ্যান্ড হাই ভোল্টেজ ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল মেশিন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং, এনার্জি ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**সিভিল** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)।

**আই.টি. / কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং** : ইনফর্মেশন টেকনোলজি ও কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)।

**কেমিক্যাল** : কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**মেটালার্জি** : মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল অ্যান্ড মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং, এক্সট্রাকটিভ মেটালার্জি, ফাউন্ড্রি টেকনোলজি ও প্রসেস মেটালার্জির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**ফিনান্স** : চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সি কিংবা চার্টার্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)।

**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট** : পার্সোনেল ম্যানেজমেন্ট, সোশ্যাল ওয়ার্ক, এইচ.আর.এম., পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড আই.আর., বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৯-২০২২'এর হিসাবে। ইঞ্জিনিয়ার ট্রেনি পদের বেলায় বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে আর অন্যান্য পদের বেলায় ২৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন বেসিক পে মাসে ৫০,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা। প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ৩১ অক্টোবর, ১ ও ২ নভেম্বর। সফল হলে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ে ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ অক্টোবরের মধ্যে, এই ওয়েবসাইটে www.careers.bhel.in তখন বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। পরীক্ষা ফী বাবদ ৮০০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাঃসঃকঃ হলে ৩০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পরিবেশ বিশ্লেষণমূলক কোর্স পড়ে চাকরি

**নিজস্ব সংবাদদাতা** : পশ্চিমবঙ্গ কারিগরি দফতরের অনুমোদিত কলকাতার সী এক্সপ্লোরার্স ইন্সটিটিউটে 'এনভায়রণমেন্টাল অ্যানালিসিস' কোর্সে ভরতি শুরু হয়েছে। কেমিস্ট্রি নিয়ে উচ্চমাধ্যমিক পাশের পর সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা ৪৬তম ব্যাচে ভরতি হতে পারবে। দীর্ঘ ২৭ বছর ধরে এই কোর্স পড়ানো হচ্ছে। ৬ মাসের কোর্স। সপ্তাহে ৫ দিন ক্লাস। কোর্স শেষে রাজ্য ও কেন্দ্রীয় সরকার-সহ বিভিন্ন বেসরকারি সংস্থাতে চাকরি সুযোগ পাবেন। এখানকার সফল প্রার্থীরা পশ্চিমবঙ্গ ও কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, দক্ষিণ-পূর্ব রেল, পুরসভা, মেট্রো ডেয়ারি, ব্রহ্মপুত্র মিনারেল-সহ একাধিক সংস্থায় চাকরি করছে। এছাড়াও জনস্বাস্থ্য কারিগরিতে এখানকার সফল অনেক ছেলেমেয়ে চাকরি করে। ভরতির জন্য বিস্তারিত জানতে এখনই যোগাযোগ করুন এই ঠিকানায় : Sea Explorers' Institute, Outramghat, Kolkata-21. Ph : 9073848158 (Debasish Chatterjee), 9836530290, 033-22487585. www.seiindia.org

সরকারি চাকরির জন্য নিজেকে প্রস্তুত রেখে ভবিষ্যৎ সুনিশ্চিত করুন
কেন্দ্রীয় আট বাহিনী ও রাজ্য পুলিশে
চাকরী পাওয়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান
Admission চলছে
ইংরাজি ও হিন্দি উভয় ভাষায় পড়ানো হয়
BSF, CRPF, CISF, SSB, ITBP, AR, NIA, SSF, ARMY, RPF, WBP, KP, SSC Gr.D, PSC Gr. C&D
নিউ জেনারেশন কোচিং সেন্টার
Govt. Regd. No- L- 75797, An ISO 9001:2015 Certified
www.ngcc.in
বালুরঘাট
ক্লাস শুরু হবে 11.10.2022থেকে
টাউন ক্লাব মোড়, Bandhan Bank এর বিপরীতে
MOBILE : 7407945419
গঙ্গারামপুর ব্রাঞ্চ হাইস্কুল রোড, (ফায়ার ব্রিগেডের পাশে), দক্ষিণ দিনাজপুর
গঙ্গারামপুর ব্রাঞ্চে পরীক্ষার প্রস্তুতির সাথে দক্ষ Physical Trainer দ্বারা Run করিয়ে গ্যারান্টি সহ Physical Fit করানো হয়। ফোন : 9073360106
রায়গঞ্জ ব্রাঞ্চ
BBD মোড়, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর
ফোন : 9051149723
ইসলামপুর ব্রাঞ্চ
ইসলামপুর হাইস্কুল মোড়, কে. পি. সাউন্ডের পাশে, উঃদিঃ
ফোন : 8391084168
সমস্ত ব্রাঞ্চে হেড অফিসের অভিজ্ঞ শিক্ষকগণ পড়াবেন।
সমস্ত ব্রাঞ্চে নতুন ব্যাচে ভর্তি চলছে।
হেড অফিস- দেবীপুর, পোঃ চাঁদপাড়া, থানা- গাইঘাটা, উত্তর ২৪ পরগনা
9836306785

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। গিনিপিগ কোন বর্গের প্রাণী — রোডেনশিয়া।

২। শেয়ালের লালায় কী ভাইরাস থাকতে পারে — রেবিস।

৩। কোন যন্ত্রের সাহায্যে অল্টারনেটিং কারেন্টকে ডিরেক্ট কারেন্টে রূপান্তরিত করা যায় — রেক্টিফায়ার।

৪। বাস্তুতন্ত্রে শক্তিপ্রবাহের পথ কেমন — বৃত্তাকার।

৫। যকৃৎ থেকে বের হয়ে পিত্ত কোথায় জমা হয় — পিত্তথলিতে।

৬। হকি স্টিক তৈরিতে কোন কাঠ ব্যবহৃত হয় — স্যালিক্স কাঠ।

৭। কোন বিজ্ঞানী প্রথম 'ভিটামিন'



শব্দটি প্রয়োগ করেন — ক্যাসিমির ফাঙ্ক।

৮। কোন হর্মোন সুপ্ত বীজকে জাগিয়ে তোলে — জিব্বারেলিন।

৯। ক্যান্সার সৃষ্টিকারী জিনকে কী বলে — অঙ্কোজিন।

১০। কোন জীবাণু থেকে 'হাম' রোগ হয় — রুবেওলা।

## ইতিহাস

১১। 'ফরাসি' শব্দের অর্থ কী — ইসলাম নির্দিষ্ট বাধ্যতামূলক কর্তব্য।

১২। বাংলাদেশে প্রথম নীলচাষ হয় কবে — ১৭৭৯ খ্রিস্টাব্দে।

১৩। রাজমহল কার রাজধানী ছিল — মহারাজ মান সিংহের।

১৪। শিখ ধর্মে প্রত্যেক বয়স্ক ব্যক্তিকে কোন ধর্মে দীক্ষিত করা হত — খালসা।

১৫। কে মেদিনীপুর জেলাকে ওড়িশা থেকে সরিয়ে বাংলার অন্তর্ভুক্ত করেন — মুর্শিদকুলি খাঁ।

১৬। সিরাজ-উদ-দৌলা জাতিতে কী ছিলেন — তুর্কি।

১৭। রানি ভবানী কোথাকার রানি ছিলেন — নাটোরের (রাজা রামকান্ত পালিতের স্ত্রী)।

১৮। দাসদের দেখাশোনার জন্য কোন সুলতান আলাদা এক দফতর তৈরি করেন — ফিরোজ শাহ তুঘলক।

১৯। আফ্রিকার কোন পর্যটক দিল্লির সুলতানের অধীনে 'প্রধান কাজি' পদের মর্যাদা পান — ইবন বতুতা।

২০। কুষাণ আমলের মুদ্রায় কোন দেবতার প্রতিমূর্তি পাওয়া যায় — শিব।

## ভূগোল

২১। হিমালয় পর্বত কোন মহীখাত থেকে সৃষ্টি হয়েছে — টেথিস।

২২। পৃথিবীতে অপ্রধান পাতের সংখ্যা ক'টি — প্রায় ২০টি।

২৩। দু'টি পাত পরস্পরের দিকে সরে আসলে, তাকে কী বলে — অভিসারী পাত সীমানা।

২৪। পর্বত সৃষ্টিকারী আন্দোলনকে কী বলে — গিরিজনি আন্দোলন।

২৫। 'বুন্দেলখণ্ড'ও 'বাঘেলখণ্ড' কোন ধরণের মালভূমি — ব্যবচ্ছিন্ন মালভূমি।

২৬। বিহারে কোন বহুমুখী নদী প্রকল্পে জলবিদ্যুৎ কেন্দ্র তৈরি হয়েছে — কোশী নদীর ওপর 'কোশী প্রকল্প'এ।

২৭। বৃহৎ ভয়ঙ্কর জলপ্রপাতকে কী বলে — ক্যাটারাক্ট।

২৮। কাবেরী নদীতে অবস্থিত জলপ্রপাতের নাম কী — শিবসমুদ্রম।

২৯। সমুদ্র উপকূলে কোন ধরণের যান্ত্রিক আবহবিকার প্রাধান্য পায় — লবণ কেলাসন প্রক্রিয়ায় সৃষ্ট আবহবিকার।

৩০। পশ্চিম মেদিনীপুরের একটি জলপ্রপাতের নাম কী — ঝাকরা।

## অর্থনীতি

৩১। মার্সিডিজ-বেঞ্জ ইন্ডিয়া'র ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সন্তোষ আইয়ার।

৩২। ২০২২ সালে সম্পূর্ণ আগস্টে মোট জিএসটি সংগ্রহের পরিমাণ কত — ১.৪৩ লাখ কোটি টাকা।

৩৩। 'সুইস রি ইনস্টিটিউট'এর রিপোর্ট অনুযায়ী, ২০২১ সালে বিশ্বের বৃহত্তম বিমা বাজারে কত তম স্থান পেল ভারত — দশম।

৩৪। কফি জায়ান্ট 'স্টারবাকস'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় বংশোদ্ভূত লক্ষ্মণ নরসিমহান।

৩৫। যুক্তরাজ্যকে অতিক্রম করে, সম্প্রতি বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতির দেশ হিসাবে উঠে এল কোন দেশ — ভারত।

## রাষ্ট্রনীতি

৩৬। শ্রেণিবিভক্ত সমাজের প্রথম পর্যায়ের নাম কী — দাস সমাজ।

৩৭। 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' (WHO) কবে প্রতিষ্ঠিত হয় — ১৯৪৮ খ্রিস্টাব্দের ৪ এপ্রিল।

৩৮। 'রাষ্ট্রসঙ্ঘ'এর প্রথম মহাসচিব কে — নরওয়ের বিদেশমন্ত্রী ট্রিগভি লি



(তাঁর কার্যকাল ছিল ১৯৪৬ খ্রিস্টাব্দ থেকে ১৯৫২ খ্রিস্টাব্দ পর্যন্ত)।

৩৯। আন্তর্জাতিক বিচারালয়ের সংবিধানকে কী বলে — সংবিধি।

## সাম্প্রতিক ঘটনা

৪০। তামিলনাড়ুর পঞ্চম হাতি সংরক্ষণাগার কোনটি — অগস্ত্যমালাই।

৪১। প্রথম দক্ষিণ এশিয়ান হিসাবে, কে ২০২২ সালে 'লিসবন আর্কিটেকচার ট্রাইনাল'এ 'মিলেনিয়াম জীবনকৃতি সম্মান'এর জন্য মনোনীত হলেন — প্রখ্যাত বাংলাদেশি স্থপতি, গবেষক ও শিক্ষাবিদ মারিনা তাবাসসুম।

৪২। সম্প্রতি কোন দেশে 'ল্যাংইয়া হেনিপাভাইরাস' (লেভি) নামে এক নয়া প্রজাতির ভাইরাসের প্রাদুর্ভাব লক্ষ্য করা গেছে — চিন।

৪৩। কোন দেশ সম্প্রতি ইরানের 'খৈয়াম' নামে উপগ্রহকে সফলভাবে কক্ষপথে উৎক্ষেপণ করল — রাশিয়া।

৪৪। উত্তরাখণ্ডের প্রচারদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় উইকেটকিপার-ব্যাটার ঋষভ পন্থ।

৪৫। কোন সংস্থা সম্প্রতি 'SPARK' নামে একটি ভার্চুয়াল স্পেস প্রযুক্তি চালু করল — ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা 'ইসরো'।

৪৬। কর ফাঁকি রুখতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'লাকি বিল' মোবাইল অ্যাপ চালু করল — কেরালা সরকার।

৪৭। কোন দেশের বিজ্ঞানীরা সম্প্রতি বিশ্বের প্রথম কৃত্রিম ভ্রূণ তৈরি করলেন — ইজরায়েল।

৪৮। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি তাঁতিদের কল্যাণের জন্য 'নেথান্না বিমা প্রকল্প' চালু করল — তেলেঙ্গানা।

৪৯। 'পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড'এর চিফ ফিনান্সিয়াল অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রমোদ কুমার।

৫০। 'ডাবর ইন্ডিয়া লিমিটেড'এর পরিচালনা পর্ষদের নন-এক্সিকিউটিভ চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মোহিত বর্মন।

৫১। ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তিকে স্মরণীয় করে রাখতে, ভারতীয় নৌ বাহিনীর কোন যুদ্ধজাহাজ সম্প্রতি উত্তর আমেরিকার সান দিয়েগো পোতাশ্রয়ে পৌঁছেছে — সাতপুরা।

৫২। 'ন্যাশনাল ইন্টেলিজেন্স গ্রিড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — আইএএস অফিসার পীযূষ গোয়েল।

৫৩। অরুণাচল প্রদেশের তৃতীয় বিমানবন্দরের নাম কী — দোনি পোলো বিমানবন্দর।

৫৪। 'ইউনেস্কো'র ইন্ট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য সম্প্রতি কোন নৃত্য শৈলীকে মনোনীত করল ভারত — গর্বা (এটি গুজরাতের একটি প্রচলিত নৃত্য শৈলী)।

৫৫। 'ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ড'এর চেয়ারম্যান এখন কে — মিনেশ সি.শাহ।

৫৬। 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইমিউনোলজি'র ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — দেবাশিস মোহান্তি।

৫৭। বিশ্বের প্রথম দেশ হিসাবে, সম্প্রতি দেশের সব মহিলাদের জন্য বিনামূল্যে স্যানিটারি সামগ্রী দেওয়ার সিদ্ধান্ত নিল কারা — স্কটল্যান্ড।

৫৮। কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং সম্প্রতি কোথায় ভারতের প্রথম দেশীয়ভাবে তৈরি হাইড্রোজেন ফুয়েল সেল চালিত বাসের উদ্বোধন করলেন — পুণে।

৫৯। সম্প্রতি প্রয়াত সৈয়দ সিবতে রাজি (৮৩ বছর) ভারতের কোন কোন রাজ্যের রাজ্যপাল হিসাবে দায়িত্ব পালন করেছেন — ঝাড়খণ্ড ও অসম।

৬০। ব্রিটিশ আমলে চুরি যাওয়া মোট ক'টি শিল্পকর্ম ফেরত দেওয়ার জন্য সম্প্রতি কেন্দ্রীয় সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করল স্কটল্যান্ডের গ্লাসগো জাদুঘর — ৭টি।

৬১। কোন জেলা সম্প্রতি ভারতের প্রথম আদিবাসী অধ্যুষিত পূর্ণ কার্যকর সাক্ষর জেলার মর্যাদা পেল — মধ্য প্রদেশের মান্ডলা জেলা।

৬২। কে সম্প্রতি 'ওয়ার্ল্ড উওমেন আঁত্রেপ্রেনিওরস পুরস্কার' পেলেন —



কেরালার আঁত্রেপ্রেনার সঙ্গীতা অভয়ন।

৬৩। সম্প্রতি ভারতের কোন রাজ্যের 'মিথিলা মাখনা' 'জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন' ট্যাগ পেল — বিহার।

৬৪। ভারতের প্রথম কমার্শিয়াল স্পেস সিচুয়েশনাল অ্যাওয়ারনেস অবজার্ভেটরি কোথায় তৈরি হতে চলেছে — উত্তরাখণ্ডের গাড়ওয়াল অঞ্চলে।

৬৫। কোন ভারতীয়কে সম্প্রতি রাষ্ট্রসঙ্ঘের উচ্চ-স্তরের ইন্টারনেট প্যানেলে মনোনীত করলেন রাষ্ট্রসঙ্ঘের



মহাসচিব আন্তোনিও গুতেরেস — ভারতের ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি সচিব অলকেশ কুমার শর্মা।

৬৬। ২০২২ সালে কোন কোম্পানি সম্প্রতি 'এশিয়ার সেরা নিয়োগকর্তা ব্র্যান্ড পুরস্কার' পেল — এনটিপিসি লিমিটেড।

৬৭। গ্রামীণ অর্থনীতির বিকাশ ঘটাতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি ৩০০টি গ্রামীণ শিল্প পার্ক স্থাপন করার সিদ্ধান্ত নিল — ছত্তিশগড়।

৬৮। ভারতে প্রথম শিক্ষা শহর গড়ার সিদ্ধান্ত নিল কারা — উত্তর প্রদেশ।

৬৯। কোন বিমানবন্দরের নাম শহীদ ভগৎ সিংহের নামে রাখা হচ্ছে — চণ্ডীগড় আন্তর্জাতিক বিমানবন্দর।

৭০। রাজ্যের গরিব শিক্ষার্থীদের জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'বিদ্যারথ - স্কুল অন হুইলস' প্রকল্প চালু করল — অসম।

৭১। রাজ্যের কারিগরি স্নাতকদের আরও কর্মসংস্থানযোগ্য করে তোলার লক্ষ্যে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'রাজীব গান্ধী সেন্টার ফর অ্যাডভান্সড টেকনোলজিস' উদ্বোধন করল — রাজস্থান।

৭২। ভারত কোন দেশের কাছ থেকে ৬টি সুপারসনিক দূরপাল্লার বোমারু বিমান টিইউ-১৬০ কিনতে চলেছে — রাশিয়া।

৭৩। সম্প্রতি প্রয়াত নারায়ণ (৮২ বছর) ভারতের কোন রাজ্যের প্রথম আদিবাসী ঔপন্যাসিক ছিলেন — কেরালা।

৭৪। কৃষকদের মধ্যে বীজ বন্টনের ক্ষেত্রে ভারতের প্রথম রাজ্য হিসাবে কারা সম্প্রতি ব্লকচেইন প্রযুক্তি ব্যবহার করার সিদ্ধান্ত নিল — ঝাড়খণ্ড।

৭৫। ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সেক্রেটারি হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রাজেশ ভার্মা।

৭৬। এশিয়ার বৃহত্তম কমপ্রেসড বায়োগ্যাস প্ল্যান্ট সম্প্রতি কোথায় চালু হয়েছে — পঞ্জাবের সাংরুরে।

৭৭। সন্তানহীন মায়েদের চিকিৎসার জন্য ৩ লাখ টাকা আর্থিক সাহায্য দিতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'বাৎসল্য যোজনা' চালু করল — সিকিম।

৭৮। ভারতের প্রথম রাজ্য হিসাবে কারা সম্প্রতি 'হর ঘর জল' সার্টিফিকেট পেল — গোয়া।

৭৯। ভারতের প্রথম বৈদ্যুতিক শীতাতপ নিয়ন্ত্রিত দ্বিতল বাস পরিষেবা সম্প্রতি কোথায় চালু হল — দক্ষিণ মুম্বইয়ের ওয়াইবি সেন্টারে।

## খেলাধুলা

৮০। ২০২২ সালে ৪৪ তম 'দাবা অলিম্পিয়াড'এর পুরুষ বিভাগে কোন দল সোনার পদক পেল — উজবেকিস্তান।

৮১। ২০২২ সালে ৪৪ তম 'দাবা অলিম্পিয়াড'এর মহিলা বিভাগে কোন দল সোনার পদক পেল — ইউক্রেন।

৮২। ২০২১-'২২ মরসুমে, 'অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন'এর তরফ থেকে কে সম্প্রতি 'বর্ষসেরা পুরুষ ফুটবলার'এর সম্মান পেলেন — সুনীল ছেত্রী।

৮৩। 'কমনওয়েলথ ফেন্সিং চ্যাম্পিয়নশিপ'এ কে সম্প্রতি সোনার পদক পেলেন — ভারতীয় ফেন্সার ভবানী দেবী।

৮৪। ১৪তম 'এশিয়ান পুরুষ অনূর্ধ্ব-১৮ ভলিবল চ্যাম্পিয়নশিপ'এ ভারত সম্প্রতি কোন পদক পেল — ব্রোঞ্জ (দক্ষিণ কোরিয়াকে ৩-২ ব্যবধানে হারিয়ে)।

৮৫। কে সম্প্রতি প্রথম ভারতীয় মহিলা কুস্তিগির হিসাবে, বুলগেরিয়ার সোফিয়ায় অনুষ্ঠিত 'অনূর্ধ্ব-২০ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন — হরিয়ানার ১৮বছর বয়সি কুস্তিগির অন্তিম পাঙ্গল।

৮৬। ২০২২ সালে 'সুলতান আজলান শাহ কাপ' কোন দেশে অনুষ্ঠিত হবে — মালয়েশিয়া।

৮৭। ২০২২ সালে কে 'বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন — ডেনমার্কের ভিক্টর



অ্যাক্সেলসেন (তাইল্যান্ডের কুনলাভুত ভিতিদসার্নকে ২১-৫ ও ২১-১৬ ব্যবধানে হারিয়ে)।

৮৮। ভারতের কোন রাজ্যের 'দহি হান্ডি'কে সম্প্রতি সরকারি খেলা হিসাবে স্বীকৃতি দেওয়া হল — মহারাষ্ট্র।

৮৯। ২০২২ সালে কোন শহর ফিবা 'অনূর্ধ্ব-১৮ মহিলাদের এশিয়ান বাস্কেটবল চ্যাম্পিয়নশিপ' আয়োজন করবে — বেঙ্গালুরু।

৯০। কে সম্প্রতি প্রথম ভারতীয় ফুটবলার হিসাবে, 'উয়েফা মহিলা চ্যাম্পিয়ন্স লিগ'এ খেলতে নেমে ইতিহাস গড়লেন — মনীষা কল্যাণ।

৯১। ২০২২ সালে কে 'বেলজিয়ান ফর্মুলা ওয়ান গ্রাঁ প্রি' জিতলেন — ম্যাক্স ভারস্টাপেন।

৯২। কে সম্প্রতি প্রথম ভারতীয় হিসাবে, আন্তর্জাতিক ক্রিকেটে ৩ ফর্ম্যাটেই (টেস্ট ম্যাচ, একদিনের আন্তর্জাতিক ও টোয়েন্টি-২০) ১০০টি ম্যাচ খেলার নজির গড়লেন — বিরাট কোহলি।

সঙ্কলক : পলি দেওয়ান

কর্মসংস্থান ■ KARMASANGSTHAAN ■ Vol. 35 ■ Issue No. 39 ■ 24 September, 2022 ■ 9


# ANY RANK DIRECT ADMISSION

ন্যূনতম কোর্স ফি দিয়ে ভর্তি হোন, বাকি টাকা লোন করার দায়িত্ব কলেজের

৩৫০ বেডের নিজস্ব হসপিটালে নার্সিং স্টুডেন্টদের প্র্যাক্টিক্যালের সুবিধা

# M.R. INSTITUTE OF NURSING

**Affiliated by INC, WBNC, WBUHS Approved**

## GNM ◎ B.Sc. নার্সিং
## B.Pharm ◎ D.Pharm



For Direct Admission
✆ 8274091660

৫০ হাজার থেকে ১ লাখ টাকা পর্যন্ত স্কলারশিপ পাওয়ার সুবিধা

পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর ঝাড়গ্রাম, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া
✆ 9836902256

উঃ, দঃ ২৪ পরগনা, হাওড়া, হুগলি, বর্ধমান
✆ 7595905107

অ্যাডমিশন ও এডুকেশন কনসালটেন্সি সংক্রান্ত যোগাযোগ
Mr. S. K. Mondal (Chief Admission Officer) 9163297000

# যেকোনো র‍্যাঙ্কে কলেজে সরাসরি ভর্তির সুযোগ

ন্যূনতম কোর্স ফি দিয়ে ভর্তি হোন, বাকি টাকা লোন করার দায়িত্ব কলেজের

৩৫০ বেডের নিজস্ব হসপিটালে নার্সিং স্টুডেন্টদের প্র্যাক্টিক্যালের সুবিধা

# MOTHER RIJIYA INSTITUTE OF NURSING

**Affiliated by WBNC, WBUHS, INC (Applied) Approved**



4.5 লাখ টাকায় 5 লাখ টাকায়

## GNM ◎ B.Sc.নার্সিং
## B.Pharm ◎ D.Pharm

For Direct Admission
✆ 8274091660

১ লাখ টাকা পর্যন্ত স্কলারশিপ

অ্যাডমিশন ও এডুকেশন কনসালটেন্সি সংক্রান্ত যোগাযোগ
Mr. S. K. Mondal (Chief Admission Officer) 9163297000

এই কাটিংটি সঙ্গে আনলে অফারটি পাবেন

# রেলের গ্রুপ 'ডি'



রেলের গ্রুপ-ডি পদের চতুর্থ ফেজ'এর পরীক্ষা শুরু হয়েছে ১৯ সেপ্টেম্বর থেকে, চলবে ৭ অক্টোবর পর্যন্ত। এই ফেজ'এ পরীক্ষা দেবে পূর্ব রেল, উত্তর-পূর্ব রেল ও মধ্য রেলওয়ে জোনের পরীক্ষার্থীরা। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল্ সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন রাজ্য সরকারের মূল্যায়ণ পর্ষদে কর্মরত **নুরুল ইসলাম**।

1. ক্ষতস্থান সেলাইয়ের জন্য চিকিৎসকরা যে সুতো ব্যবহার করেন, সেটি কোন পলিমার দিয়ে তৈরি করা হয়?

(A) PVC (B) পলিথিন (C) টেরিলিন (D) Dextran

2. চলন্ত ট্রেনের কামরার মধ্যে বসা কোনো আরোহী একটি মুদ্রাকে সোজা ওপরে ছুঁড়ে দিলে মুদ্রাটি তার পিছনে পড়ল। ট্রেনটির গতি কীরকম?

(A) সমমন্দনে গতিশীল (B) সমদ্রুতিতে গতিশীল
(C) সমত্বরণে গতিশীল (D) যে কোনোটিই হতে পারে

3. 'ইলেক্ট্রনিক্স কর্পোরেশন্ অফ ইন্ডিয়া লিমিটেড'এর সদর দফতর ভারতের কোথায় অবস্থিত?

(A) আহমেদাবাদ (B) হায়দরাবাদ (C) কটক (D) নাগপুর

4. 'জীরাদেই' নামক স্থানটি নীচের কোন ব্যক্তির জন্য বিখ্যাত?

(A) মহাত্মা গান্ধী (B) জয়প্রকাশ নারায়ণ
(C) ড. রাজেন্দ্রপ্রসাদ (D) বিনোবা ভাবে

5. আসল হীরা শনাক্ত করতে নীচের কোনটি ব্যবহৃত হয়?

(A) $\alpha$-ray (B) uv-ray (C) $\gamma$-ray (D) X-ray

6. বায়ুতে ম্যাগনেশিয়ামের দহনের ফলে যে কঠিন পদার্থ পাওয়া যায়, তার সঙ্গে জলের বিক্রিয়ায় ঝাঁঝালো গন্ধযুক্ত অ্যামোনিয়া গ্যাস উৎপন্ন হয়। কঠিন পদার্থটির নাম কী?

(A) $Mg_3N_2$ (B) $Mg(NO_2)_2$
(C) $Mg(NO_3)_2$ (D) $Mg(NH_2)_2$

7. 125 গ্রাম ভরের একটি ক্রিকেট বলের বেগ সেকেন্ডে 12 মিটার। একজন ক্রিকেটার $\frac{1}{10}$ সেকেন্ডে বলটি ধরল। সে কত নিউটন বল প্রয়োগ করেছিল?

(A) 5 (B) 10 (C) 12 (D) 15

8. কোশের 'ট্রাফিক পুলিশ' কাকে বলা হয়?

(A) রাইবোজোম (B) সেন্ট্রোজোম
(C) গলগিবডি (D) এন্ডোপ্লাজমিক রেটিকুলাম

9. নীচের কোন জাতীয় উদ্যানটি ভারতের মধ্য প্রদেশ রাজ্যে অবস্থিত নয়?

(A) মাধব (B) পেরিয়ার (C) পেঞ্চ (D) কানহা

10. পাখিদের সেক্স ক্রোমোজোম কেমন হয়?

(A) XY-ZW (B) ZZ-ZW (C) XY-XX (D) ZZ-XY

11. শিঙ্গি মাছ ফুলকা ছাড়াও যে অতিরিক্ত শ্বাসঅঙ্গের সাহায্যে শ্বাসকার্য চালাতে পারে, সেই শ্বাসঅঙ্গটির নাম কী?

(A) শ্বাসবৃক্ষ (B) শ্বাসনালী (C) ভেজা দেহত্বক (D) বায়ুনল

12. মানবদেহের সবথেকে দীর্ঘ পেশি কোনটি?

(A) গ্লুটাস ম্যাক্সিমাস (B) সারটোরিয়াস
(C) ম্যাসাটর (D) ল্যাটিসিমাস ডরসি

13. আমাদের দেশে ব্যবহৃত আর্থিং তারের প্লাস্টিক অন্তরকের রঙ সাধারণত কেমন হয়?

(A) লাল (B) কালো (C) হলুদ (D) সবুজ

14. m ভরের কোনো বস্তুর গতিশক্তি E হলে, এর ভরবেগ কী হবে?

(A) $\sqrt{2mE}$ (B) $2\sqrt{mE}$ (C) $\sqrt{\frac{2E}{m}}$ (D) 2mE

15. নেপাল, ভারতের কয়টি রাজ্যের সঙ্গে সীমান্ত ভাগ করেছে?

(A) 5 (B) 6 (C) 4 (D) 3

16. নীচের কোন দেশটি মূলমধ্যরেখার ওপর অবস্থিত নয়?

(A) আলজেরিয়া (B) বুরকিনা ফাসো (C) ফ্রান্স (D) কঙ্গো

17. 'জাতীয় প্রযুক্তি দিবস' কবে পালিত হয়?

(A) এপ্রিল, 17 (B) মে, 11 (C) মে, 17 (D) জুলাই, 11

18. বিশ্বের উচ্চতম রেল সেতুটি কোন নদীর ওপর অবস্থিত?

(A) গোদাবরী (B) চেনাব (C) নীলনদ (D) টেমস

19. নীচের পর্বতশৃঙ্গগুলির মধ্যে কোনটির উচ্চতা সবথেকে বেশি?

(A) নন্দাদেবী (B) কামেট
(C) রিমো-। (D) সাসের কাঙ্গরি

20. ভারতীয় সংবিধানের কোন ধারায় বলা হয়েছে 'রাষ্ট্র ঐতিহাসিক স্মৃতিসৌধগুলি ও অন্যান্য জাতীয় গুরুত্বপূর্ণ স্থানগুলির সংরক্ষণ করবে'?

(A) ধারা 47 (B) ধারা 49 (C) ধারা 74 (D) ধারা 30

21. কবি জয়দেব কোন রাজার সভাকবি ছিলেন?

(A) বল্লাল সেন (B) সামন্ত সেন
(C) লক্ষণ সেন (D) হেমন্ত সেন

22. 'Confession of a Lover : A Novel' বইটির লেখক কে?

(A) অনিতা দেশাই (B) চেতন ভগৎ
(C) মুলক রাজ আনন্দ (D) কিরণ দেশাই

23. একটি স্টেশন, যেখানে রেললাইন শেষ, এই ধরনের স্টেশনকে কী বলা হয়?

(A) জংশন (B) ব্লক (C) হল্ট (D) টার্মিনাল

24. ভারতের 'Central Secretariat Library' কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল?

(A) 1891 (B) 1861 (C) 1948 (D) 1945

25. নীচের কে 'শহীদ-ই-আজম' নামে পরিচিত?

(A) শেখ আবদুল্লাহ (B) ভগৎ সিং (C) জয়নুল আবেদিন (D) দাদাভাই নৌরজি

26. পৃথিবীতে কোথায় 'ক্যান্টরবেরি' নামে তৃণভূমি দেখতে পাওয়া যায়?

(A) আর্জেন্টিনা (B) প্যারাগুয়ে (C) নিউজিল্যান্ড (D) হাঙ্গেরি

27. ভারতীয় সংবিধানের 368 নং ধারায় 'পার্লামেন্টের সংবিধান সংশোধন পদ্ধতি' লিপিবদ্ধ রয়েছে। এটি কোন দেশের সংবিধানের অনুকরণে রচিত?

(A) মার্কিন যুক্তরাষ্ট্র (B) যুক্তরাজ্য (C) অস্ট্রেলিয়া (D) দক্ষিণ আফ্রিকা

28. ভারতের একমাত্র প্রধানমন্ত্রী, যিনি 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর অধ্যক্ষ ছিলেন। তিনি কে?

(A) অটল বিহারী বাজপেয়ী (B) মনমোহন সিং
(C) মোরারজী দেশাই (D) চন্দ্রশেখর সিং

29. 'Some are born great, some achieve greatness, and some have greatness thrust upon them' — এই বিখ্যাত উক্তিটি কার?

(A) জন ম্যাক্সওয়েল (B) জর্জ বার্নার্ড শ (C) উইলিয়াম শেক্সপিয়র (D) নেলসন ম্যান্ডেলা

30. নীচের কোন গিরিপথটি সিকিম ও চিনের মধ্যে সংযোগ রক্ষা করে?

(A) দেবসা (B) বুরজি লা
(C) বোমডিলা (D) নাথুলা

31. নীচের নদীগুলিকে তাদের গতিপথ অনুযায়ী উত্তর থেকে দক্ষিণে পরপর সাজালে সঠিক ক্রম কোনটি হবে?

(A) লুনি → মাহী → সবরমতী → তাপ্তী → নর্মদা
(B) মাহী → লুনি → সবরমতী → নর্মদা → তাপ্তী
(C) লুনি → সবরমতী → মাহী → নর্মদা → তাপ্তী
(D) তাপ্তী → নর্মদা → মাহী → লুনি → সবরমতী

32. কোন দেশের পার্লামেন্টের নাম 'নেসেট'?

(A) জাপান (B) কানাডা
(C) ইজরায়েল (D) দক্ষিণ কোরিয়া

33. ভারতে কার জন্মদিন অনুসারে 'শিক্ষা দিবস' পালন করা হয়?

(A) জওহরলাল নেহরু (B) মৌলানা আবুল কালাম আজাদ (C) রাজা রামমোহন রায় (D) এ.পি.জে আব্দুল কালাম

34. সম্প্রতি বিশ্বে প্রথম হাইড্রোজেন চালিত যাত্রীবাহী ট্রেন চালু করল কোন দেশ?

(A) মার্কিন যুক্তরাষ্ট্র (B) জাপান (C) সুইডেন (D) জার্মানি

35. ভারতের সাংস্কৃতিক ঐতিহ্য প্রচারের জন্য, কোন কোম্পানি সম্প্রতি 'ইউনেস্কো'র সঙ্গে চুক্তি করল?

(A) রয়্যাল এনফিল্ড (B) টিভিএস (C) ইয়ামাহা (D) টাটা মোটরস

36. প্রথম 'মহিলা আইপিএল' কবে অনুষ্ঠিত হতে চলেছে?

(A) নভেম্বর, 2022 (B) মার্চ, 2023
(C) অক্টোবর, 2023 (D) ফেব্রুয়ারি, 2024

37. সম্প্রতি ভারতের কোন রাজ্যের দ্বিতীয় রেলওয়ে স্টেশন হিসাবে উদ্বোধন করা হল 'ধানসারি-শোখুভি রেলওয়ে স্টেশন'?

(A) নাগাল্যান্ড (B) মণিপুর (C) অরুণাচল প্রদেশ (D) সিকিম

38. সম্প্রতি কানাডার একটি রাস্তার নাম কোন ভারতীয় সঙ্গীতশিল্পীর নামে রাখা হল?

(A) আশা ভোঁসলে (B) উদিত নারায়ণ
(C) অরিজিৎ সিং (D) এ.আর.রহমান

39. সন্তানহীন মায়েদের চিকিৎসার জন্য 3 লাখ টাকা প্রদান করতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'বাৎসল্য যোজনা' চালু করল?

(A) মিজোরাম (B) সিকিম (C) মেঘালয় (D) আসাম

40. 'IndiGo' এয়ারলাইন কোম্পানির চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে?

(A) জর্জ উড (B) হেনরি ফর্ড
(C) পিটার এলবার্স (D) সুন্দর পিচাই

41. পরবর্তী সংখ্যাটি লিখুন :

165, 195, 255, 285, 345, ?

(A) 420 (B) 390 (C) 375 (D) 398

42. যদি 2×3×4 = 4916 ও 1×2×3 = 149 হলে, এর মান কত হবে – 2×5×3

(A) 42509 (B) 4259 (C) 479 (D) 2539

43. 26 : 5 : : 65 : ?

(A) 7 (B) 8 (C) 9 (D) 13

44. সিরিজটি সম্পূর্ণ করুন :

17, 18, 20, 23, ...?...., 32, 38

(A) 25 (B) 27 (C) 30 (D) 33

45. গাণিতিক চিহ্ন ব্যবহার করে সমীকরণটি সমাধান করুন :

7 * 7 * 2 * 1 = 12

(A) × – ÷ (B) + – × (C) × – + (D) + × –

46. ab __baabc __aabcb __abcb ___

(A) bcaa (B) cbaa (C) abca (D) aacb

47. নীচের সংখ্যা ক্রমটিতে এমন কতগুলি 6 আছে, যার আগে 1 বা 5 ও পরে 3 বা 9 থাকবে?

263756429613416 391569231654321967163

(A) 2 (B) 4 (C) 6 (D) 3

48. যদি 'Green' মানে 'Yellow', 'Yellow' মানে 'White', 'White' মানে 'Red', 'Red' মানে 'Violet', 'Violet' মানে 'Black' হয়, তবে মানুষের রক্তের রঙ কী?

(A) Red (B) Violet (C) Black (D) Green

49. নীচের শব্দটির বর্ণগুলি নিয়ে নীচের কোন শব্দটি তৈরি করা যাবে না?


CUMBERSOME

(A) SOBER (B) MOUSE (C) MERCY (D) ROME

50. কোন ছবিটির মাধ্যমে নীচের শ্রেণির শব্দগুলির পারস্পরিক সম্পর্ক সর্বাপেক্ষা উৎকৃষ্টরূপে বর্ণনা করা যায়?

পশু, স্থলে বিচরণকারী পশু, জলে বিচরণকারী পশু

(A) (B) (C) (D)



51. কোনটি আলাদা?

(A) Hat (টুপি) (B) Bird (পাখি) (C) Fly (মাছি) (D) Prawn (চিংড়ি)

52. Book = 43 ও PEN = 35, COPY = ?

(A) 48 (B) 60 (C) 59 (D) 79

53. 'BAD' = 7 লেখা হলে, 'CAT' = কত হবে?

(A) 15 (B) 21 (C) 24 (D) 23

54. শব্দগুলি অর্থপূর্ণ ক্রমানুসারে সাজান।

1. Snake 2. Grass 3. Eagle 4. Frog 5. Insect

(A) 3,2,1,4,5 (B) 5,2,1,4,3
(C) 2,5,4,1,3 (D) 2,4,5,3,1

55. 'School' যদি 'Student' হয়, তবে 'Hospital' কী হবে?

(A) Medicine (B) Nurse
(C) Doctor (D) Patient

56. আজ বৃহস্পতিবার হলে, 59 দিন পরে কী বার হবে?

(A) রবিবার (B) বৃহস্পতিবার
(C) শুক্রবার (D) শনিবার

57. নাসির 'X' বিন্দু থেকে যাত্রা শুরু করে সোজা পশ্চিমে 5 কিলোমিটার গেল। তারপর বামদিকে ঘুরে সোজা 3 কিলোমিটার ও আবার বামদিকে ঘুরে সোজা 7 কিলোমিটার গেলে, এখন সে 'X' বিন্দু থেকে ঠিক কোন দিকে আছে?

(A) দক্ষিণ-পূর্ব (B) উত্তর-পূর্ব
(C) উত্তর (D) উত্তর-পশ্চিম

58. ছবিতে একটি মেয়েকে দেখিয়ে মেঘনা বলল, 'এ হল ঝুমার মা, যার বাবা আমার ছেলে।' ছবির মেয়েটির সঙ্গে মেঘনার কী সম্পর্ক?

(A) মা (B) কাকিমা
(C) খুড়তুতো বোন (D) ঠাকুমা

59. অমিল শব্দটি নির্ণয় করুন :

(A) জুলজি (B) ফিজিওলজি (C) বটানি (D) ফিলোজফি

60. 6, 18, 72, 360, 2160, ...? শ্রেণিতে পরবর্তী সংখ্যাটি কী?

(A) 12120 (B) 13120
(C) 14120 (D) 15120

61. একটি নদীর সর্বদা থাকে?

(A) Delta (B) Tributary
(C) Boats (D) Banks

62. Igloos : Canada : Rondavels : কী?

(A) Africa (B) Rangoon (C) Russia (D) Indonesia

63. যদি MASON-এর কোড হয় NBTPO, তবে WORLD-এর কোড কী হবে?

(A) XPSME (B) PSMEX
(C) SMEXP (D) EXPSM

64. যদি মণিপুরীর সঙ্গে নৃত্যের সম্পর্ক হয়, তবে উর্দুর সঙ্গে নীচের কোনটি সম্পর্কিত?

(A) মুসলিম (B) নাটক (C) কবিতা (D) ভাষা

65. 58 : 7 : : 35 : ?

(A) 2 (B) 8 (C) 7 (D) 3

66. ভারত : দ্রৌপদী মুর্মু : : মার্কিন যুক্তরাষ্ট্র : ?

(A) কমলা হ্যারিস (B) জো বাইডেন (C) ভ্লাদিমির পুতিন (D) ডোনাল্ড ট্রাম্প

67. অমিল খুঁজে বার করুন :

(A) January–87 (B) December–55
(C) February–93 (D) August–86

68. (A) Parrot (B) Bat (C) Crow (D) Sparrow

# রেলের গ্রুপ 'ডি'

69. Pound : Yen : : Polo : ?

(A) Hockey (B) Ride (C) Horse (D) Stick

70. (A) Beijing (B) Paris
(C) Melbourne (D) Athens

71. কোনো মূলধনের বার্ষিক 5% হারে 1 বছর 9 মাসে যে সুদ হয়, বার্ষিক $4\frac{1}{2}$% হারে 2 বছর 4 মাসে তার থেকে 63 টাকা বেশি সুদ হয়। মূলধনের পরিমাণ কত টাকা?

(A) 3,500 (B) 3,400 (C) 3,600 (D) 3,300

72. $(a-2b) = 2$ হলে, $a(a^2-12b)-8(b^3+1)$-এর মান কত হবে?

(A) ab (B) 2 (C) 1 (D) 0

73. কোনো স্কুল লাইব্রেরিতে পাঠ্যবই ও গল্পের বইয়ের সংখ্যার অনুপাত 5 : 7 ও পাঠ্যবইয়ের সংখ্যা 1,625টি। আরো কিছু পাঠ্যবই কেনায় তাদের অনুপাত হয় 4 : 5. তাহলে কতগুলি পাঠ্যবই কেনা হয়েছে?

(A) 195 (B) 220 (C) 205 (D) 190

74. কোনো একটি পরীক্ষায় 20,000 জন পরীক্ষার্থীর পরীক্ষা দেওয়ার কথা ছিল। কিন্তু তাদের মধ্যে 5% অনুপস্থিত ছিল। যারা পরীক্ষা দিয়েছিল, তাদের মধ্যে 60% উত্তীর্ণ হল। যদি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিভাগে উত্তীর্ণ পরীক্ষার্থীদের সংখ্যার অনুপাত 1 : 2 : 3 হয়, তাহলে প্রথম বিভাগে উত্তীর্ণ পরীক্ষার্থীদের সংখ্যা কত?

(A) 1,820 (B) 2,150 (C) 1,900 (D) 2,050

75. একটি বৃত্তাকার পথের ওপর একবার দৌড়ে আসতে একজন বালকের $\frac{\pi}{2}$ মিনিট সময় লাগলে, ওই পথের ব্যাস বরাবর একপ্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত সমগতিতে দৌড়তে তার কত সময় লাগবে?

(A) 15 সেকেন্ড (B) 30 সেকেন্ড (C) 1 মিনিট (D) $\frac{\pi}{4}$

76. একটি ঘড়ি 725 টাকায় বিক্রি করে 125 টাকা লোকসান হল। এমন 20টি ঘড়ির প্রত্যেকটিকে কত টাকায় বিক্রি করলে মোটের ওপর 625 টাকা লাভ হবে?

(A) 975.25 (B) 881.25 (C) 981.75 (D) 880.50

77. ভুল ওজন ব্যবহার করে একজন দোকানদার ফল কেনা ও বিক্রি উভয় সময়েই 12% পর্যন্ত প্রতারণা করে। তার লাভের শতকরা হার কত?

(A) 24% (B) 27.27% (C) 25.44% (D) 22.57%

78. কোনো পরীক্ষায় একজন ছাত্র 30% নম্বর পেয়ে 32 নম্বরের জন্য ফেল করে। অন্য একজন ছাত্র 38% নম্বর পেয়ে পাশ নম্বর থেকে 32 নম্বর বেশি পায়। পরীক্ষায় মোট নম্বর কত ছিল?

(A) 580 (B) 800 (C) 400 (D) কোনোটিই নয়

79. একটি ভগ্নাংশের লব ও হরের সঙ্গে 3 যোগ করলে ভগ্নাংশটি $\frac{2}{3}$-এ পরিণত হয়। কিন্তু লব ও হর থেকে 5 বিয়োগ করলে ভগ্নাংশটি $\frac{1}{2}$-এ পরিণত হয়। ভগ্নাংশটি কী?

(A) $\frac{3}{5}$ (B) $\frac{2}{20}$ (C) $\frac{21}{13}$ (D) $\frac{13}{21}$

80. একটি মিশ্রণে ডেটল ও জলের অনুপাত 3 : 7 ও অন্য একটি মিশ্রণে এদের অনুপাত 3 : 2. 3 লিটার প্রথম মিশ্রণের সঙ্গে দ্বিতীয় মিশ্রণের x লিটার মিশ্রিত করলে, উৎপন্ন মিশ্রণের ডেটল ও জলের পরিমাণ সমান হবে। x-এর মান কত?

(A) 5 (B) 6 (C) 7 (D) 8

81. $x+\frac{1}{x}=-2$ হলে $x^{100}+\frac{1}{x^{101}}$ -এর মান কত?

(A) 2 (B) 1 (C) –2 (D) 0

82. একটি আয়তকার মাঠের ভিতরের চারদিকে সমান চওড়া একটি রাস্তা আছে। মাঠের দৈর্ঘ্য 38 মিটার, প্রস্থ 32 মিটার। যদি রাস্তার ক্ষেত্রফল 600 বর্গমিটার হয়, তবে এটি কত মিটার চওড়া হবে?

(A) 6 (B) 5 (C) 16 (D) 9

83. এক ছাত্র কোনো সংখ্যাকে $\frac{5}{3}$ দিয়ে গুণ করার বদলে $\frac{3}{5}$ দিয়ে গুণ করল। এতে ভুলের পরিমাণ কত?

(A) 36% (B) 44% (C) 60% (D) 64%

84. রেললাইনের ধার বরাবর ইলেক্ট্রিকের পোল বসানো আছে, পরপর দু'টি পোলের মধ্যবর্তী দূরত্ব 70 মিটার। চলন্ত ট্রেনের এক যাত্রী লক্ষ্য করলেন, 7 মিনিটে 71টি পোল পার হল। ট্রেনটির গতিবেগ ঘন্টায় কত কিলোমিটার ছিল?

(A) 42 (B) 40.7 (C) 47 (D) 42.8

85. $30\sqrt{3}$ মিটার উঁচু একটি বাড়ির ছাদের কোনো বিন্দু থেকে একটি বাতিস্তম্ভের শীর্ষ ও পাদদেশের অবনতি কোণ যথাক্রমে 30° ও 60° হলে, বাতিস্তম্ভটির উচ্চতা কত মিটার?

(A) $15\sqrt{3}$ (B) 25 (C) $20\sqrt{3}$ (D) $25\sqrt{3}$

86. একটি কুকুর একটি বিড়ালকে ধরার জন্য ছুটল। কুকুরটি যতক্ষণে 8 পা যায়, বিড়ালটি ততক্ষণে 12 পা যায়। কুকুরের 6 পা বিড়ালের 9 পায়ের সমান হলে, তাদের গতিবেগের অনুপাত কত?

(A) 3 :1 (B) 1 : 1 (C) 3 : 2 (D) 1 : 2

87. 7-এর কোন ক্ষুদ্রতম গুণিতককে 6, 9, 15 ও 18 দিয়ে ভাগ করলে প্রতিক্ষেত্রে 4 ভাগশেষ থাকবে?

(A) 184 (B) 91 (C) 364 (D) 294

88. একটি বাঁদর 31 মিটার উঁচু একটি দালানের পাইপ বেয়ে ওপরে উঠতে চায়। প্রতিদিন দিনের বেলায় সে 3 মিটার ওপরে উঠে যায় কিন্তু রাতে 1 মিটার পড়ে যায়। এভাবে তার ছাদে উঠতে কত দিন লাগবে?

(A) 17 (B) 15 (C) $15\frac{1}{2}$ (D) 18

89. একটি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সার মুদ্রার সংখ্যার অনুপাত 1 : 2 : 4। ওই বাক্সে 393 টাকা থাকলে মোট কতগুলি মুদ্রা আছে?

(A) 897 (B) 1029 (C) 917 (D) 929

90. স্থলপথে দু'টি দেশ P ও Q এর মধ্যে দূরত্ব 5,000 কিলোমিটার। একটি ট্রেন P দেশ থেকে সকাল 6টায় যাত্রা শুরু করল ও Q দেশের দিকে ঘণ্টায় 250 কিলোমিটার গতিবেগে আসতে থাকল। অন্য একটি ট্রেন সকাল 10টায় Q দেশ থেকে যাত্রা শুরু করে ও P দেশের দিকে ঘণ্টায় 150 কিলোমিটার গতিবেগে আসতে থাকে। তারা কোন সময়ে একে অন্যের মুখোমুখি হবে?

(A) রাত 10.20 (B) রাত 9.00
(C) রাত 9.50 (D) রাত 8.00টা

91. তিনটি জলদ্বার A, B ও C 6 ঘণ্টায় একটি জলাশয় পূরণ করতে পারে। সবক'টি একসঙ্গে 2 ঘণ্টা কাজ করার পর, জলদ্বার C বন্ধ করা হয়। জলদ্বার A ও B বাকি অংশটি 7 ঘণ্টায় পূরণ করতে পারে। জলাশয়টি পূরণ করতে জলদ্বার C এর একা কত ঘণ্টা সময় লাগবে?

(A) 14 (B) 12 (C) 10 (D) 11

92. একটি নৌকা 90 মিনিটে স্রোতের প্রতিকূলে 15 কিলোমিটার ও স্রোতের অনুকূলে 21 কিলোমিটার যায়। স্রোতের গতিবেগ ঘন্টায় 4 কিলোমিটার হলে, স্থির জলে নৌকার গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?

(A) 18 (B) 21 (C) 17 (D) 24

93. বছরের প্রথমে আকাশ ও সাগর যথাক্রমে 17,000 টাকা ও 20,000 টাকা নিয়ে যৌথভাবে একটি ব্যবসা শুরু করে। 4 মাস পরে আকাশ ওই ব্যবসায় আরও 4,000 টাকা মূলধন দেন। বছর শেষে 9,520 টাকা লাভ হলে আকাশ ও সাগরের প্রাপ্য লভ্যাংশ কত?

(A) 4620 টাকা, 4800 টাকা (B) 4270 টাকা, 4800 টাকা
(C) 4730 টাকা, 4500 টাকা (D) 4680 টাকা, 4000 টাকা

94. রাম ও শ্যাম একসঙ্গে একটি কাজ 30 দিনে আর শ্যাম ও রহিম একসঙ্গে 40 দিনে কাজটি করতে পারে। যদি রহিম একা ওই কাজটি 60 দিনে শেষ করে, তবে রাম একা কাজটি কতদিনে করবে?

(A) 40 (B) 35 (C) 25 (D) 65

95. ঘড়িতে 4:20 বাজলে মিনিটের কাঁটা ও ঘণ্টার কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ তৈরি হয়?

(A) 15° (B) 10° (C) 30° (D) 20°

96. চক্রবৃদ্ধি সুদের 2 বছরে সুদ-আসল হয় 9,680 টাকা ও 3 বছরে হয় 10,648 টাকা। তাহলে বার্ষিক সুদের হার কত?

(A) 12% (B) $14\frac{1}{2}$% (C) 15% (D) 10%

97. এক ব্যক্তি তার স্ত্রীর থেকে 5 বছরের বড়। তার স্ত্রীর বয়স ছেলের বয়সের চারগুণ। 5 বছর পর ছেলের বয়স হবে 12 বছর। এখন ওই ব্যক্তির বয়স কত বছর?

(A) 40 (B) 33 (C) 35 (D) 32

98. সরলতম মান নির্ণয় করুন।

$\left(3.\overline{36}-2.\overline{05}+1.\overline{33}\right)=?$

(A) 2.64 (B) $2.\overline{61}$ (C) $2.\overline{64}$ (D) $2.\overline{62}$

99. $\sqrt{\frac{(0.03)^2+(0.21)^2+(0.065)^2}{(0.003)^2+(0.021)^2+(0.0065)^2}}$ = কত?

(A) 0.01 (B) 1000 (C) 10 (D) 100

100. ABCD একটি বর্গক্ষেত্র ও এই বর্গক্ষেত্রের বাহুগুলির মধ্যবিন্দু যথাক্রমে P, Q, R, S. আবার PQRS চতুর্ভুজের বাহুগুলির মধ্যবিন্দু যথাক্রমে E, F, G, H. যদি AB = x সেন্টিমিটার হয়, তবে EFGH চতুর্ভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য কত সেন্টিমিটার হবে?

(A) x (B) 2x (C) $\frac{x}{2}$ (D) কোনোটিই নয়

## উত্তর

1(D). 2(C). 3(B). 4(C). 5(D). 6(A). 7(D). 8(C). 9(B). 10(B). 11(D). 12(B). 13(D). 14(A). 15(A). 16(D). 17(B). 18(B). 19(A). 20(B). 21(C). 22(C). 23(D). 24(A). 25(B). 26(C). 27(D). 28(B). 29(C). 30(D). 31(C). 32(C). 33(B). 34(D). 35(A). 36(B). 37(A). 38(D). 39(B). 40(C).

41(C).

| 165, | 195, | 255, | 285, | 345, | ? 375 |
|---|---|---|---|---|---|
| 1+6+5 | 1+9+5 | 2+5+5 | 2+8+5 | 3+4+5 | 3+7+5 |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 12 | 15 | 12 | 15 | 12 | 15 |

42(B).
$2\times3\times4 = 4\,9\,1\,6$ ($2^2$, $3^2$, $4^2$)
$1\times2\times3 = 1\,4\,9$ ($1^2$, $2^2$, $3^2$)
$2\times5\times3 = 4\,25\,9$ ($2^2$, $5^2$, $3^2$)

43(B). 26 : 5 : : 65 : 8 ?
$5^2+1$   $8^2+1$

44(B). 17, 18, 20, 23, 27, 32, 38
17×1+1, 18×1+2, 20×1+3, 23×1+4, 27×1+5, 32×1+6

45(B). $7+7-2\times1=12$
$7+7-2=12$
$14-2=12$
$12=12$

46(B). a b c b a|a b c b a|a b c b a|a b c b a

47(D). 2637564296134 163 91 569 231654321967163

48(B). মানুষের রক্তের রঙ লাল। যেহেতু Red মানে Violet তাই Violet.

49(C). MERCY ছাড়া বাকি শব্দগুলি তৈরি করা যায়।

50(A).  সম্পর্কটি হবে।

51(A). Hat ছাড়া বাকিগুলির প্রাণ আছে।

52(C). BOOK = 43, PEN = 35
COPY = 3 + 15 + 16 + 25 = 59.

53(C). BAD = 7, CAT = 3 + 1 + 20 = 24
2 1 4

54(C). সাজালে দাঁড়ায় —
Grass ⟶ Insect ⟶ Frog ⟶ Snake ⟶ Eagle

55(D). School যদি Student হয়, তবে Hospital Patient.

56(B). 57(A). 58(D).

59(D). ফিলোজফি ছাড়া বাকিগুলি বিজ্ঞানের শাখায় পরে।

60(D). 6, 18, 72, 360, 2160, 15120
×3, ×4, ×5, ×6, ×7

61(D). 62(A). 63(A). 64(D).

65(B). 58 : 7 : : 35 : 8
58 ⟶ Fifty eight = 7, 35 ⟶ Thirty Five = 8
(Letter গুনে লিখতে হবে। একই Letter Repeat হবে না)।

66(B). 67(B). Letterগুলি পজিশন অনুযায়ী যোগ করলে যা যোগফল হয় তার থেকে Vowel-এর সংখ্যা 3 বিয়োগ করে মাসের পরে লেখা হয়েছে। শুধুমাত্র ডিসেম্বরের ক্ষেত্রে 3 বিয়োগ করা হয়নি। 68(B). 69(C). 70(C). 71(C). 72(D). 73(A). 74(C). 75(B). 76(B). 77(B). 78(B). 79(D). 80(B). 81(D). 82(B). 83(D). 84(A). 85(C). 86(B). 87(C). 88(B). 89(C). 90(D). 91(A). 92(D). 93(B). 94(A). 95(B). 96(D). 97(B). 98(C). 99(C). 100(C).

## ম্যাজাগন ডকে

১ পাতার পর

পাশরা রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ২)।

**সিরিয়াল নং 2: কমপ্রেশর অ্যাটেন্ড্যান্ট** : মাধ্যমিক পাশরা মিলরাইট মেকানিক বা, মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে ট্রেনি হিসাবে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৬টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ২)।

**সিরিয়াল নং 3: ব্রাস ফিনিশার** : মাধ্যমিক পাশরা যে কোনো ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ব্রাস ফিনিশার বা, মেসিনিস্টে কাজ করে থাকতে হবে ও শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)।

**সিরিয়াল নং 4: কার্পেন্টার** : ক্লাস এইট পাশরা কার্পেন্টার বা, শিপরাইট (উড) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৩৮টি (জেনাঃ ২১, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৪, তঃউঃজাঃ ৬)।

**সিরিয়াল নং 5: চিপার গ্রাইন্ডার** : মাধ্যমিক পাশরা যে কোনো ট্রেডের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে আর কোনো শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে চিপার গ্রাইন্ডার হিসাবে কাজ করে থাকলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ১)।

**সিরিয়াল নং 6: কম্পোজিট ওয়েল্ডার** : ক্লাস এইট পাশরা ওয়েল্ডার / ওয়েল্ডার (জি অ্যান্ড ই)/ টি.আই.জি. ও এম.আই.জি. ওয়েল্ডার / স্ট্রাকচারাল ওয়েল্ডার /ওয়েল্ডার (পাইপ অ্যান্ড প্রেশার ভেসেল) /অ্যাডভান্সড ওয়েল্ডার বা, গ্যাস কাটার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**সিরিয়াল নং 7: ডিজেল ক্রেন অপারেটর** : মাধ্যমিক পাশরা ডিজেল মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ডিজেল ক্রেন অপারেটর হিসাবে এক বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

এরপর ১৬ পাতায়

## এক নজরে
### সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

২৩ আগস্ট : যুক্তরাজ্যে ভারতের পরবর্তী হাই-কমিশনার হিসাবে মনোনীত হলেন বিক্রম দোরাইস্বামী।

❑ টেলিভিশন নেটওয়ার্ক 'ডিজনি + হটস্টার'এর এক্সিকিউটিভ ভাইস-প্রেসিডেন্ট ও প্রধান হিসাবে মনোনীত হলেন সজিথ শিবানন্দন।

❑ ওড়িশার উপকূলে চাঁদিপুর ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে, 'ভার্টিক্যাল লঞ্চ-শর্ট রেঞ্জ সারফেস-টু-এয়ার মিসাইলের সফল পরীক্ষা করল 'ডিআরডিও' ও ভারতীয় নৌবাহিনী। এ জন্য একটি উচ্চ-গতির রিমোট চালিত বিমানকে টার্গেট হিসাবে বেছে নেওয়া হয়। রেডিও ফ্রিকোয়েন্সি সিকারের মাধ্যমে ক্ষেপণাস্ত্রটি নির্ভুলভাবে বিমানটিতে আঘাত হানে। পরীক্ষামূলক লঞ্চের সময়, ফ্লাইট পাথ ও মিসাইলের পারফরম্যান্স প্যারামিটারগুলিও পর্যবেক্ষণ করা হয়। বিভিন্ন রেঞ্জের বস্তু, যেমন রাডার, ইলেক্ট্রো-অপটিক্যাল ট্র্যাকিং সিস্টেম, টেলিমেট্রি সিস্টেমের মাধ্যমে সব তথ্য সংগ্রহ করা হয়েছে। এর ফলে, আকাশপথে যেকোনো হানা সহজেই রুখে দিতে পারবে ভারতীয় প্রতিরক্ষা বাহিনীগুলি।

❑ ২০২২ সালে 'এশিয়ার সেরা নিয়োগকর্তা ব্র্যান্ড পুরস্কার' পেল ভারতের বৃহত্তম বিদ্যুৎ উৎপাদক সংস্থা 'ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন লিমিটেড'। সিঙ্গাপুরে অনুষ্ঠিত ১৩ তম 'এশিয়ার সেরা নিয়োগকর্তা ব্র্যান্ড পুরস্কার'এ এই সম্মান পেল তারা।

❑ 'ইউনেস্কো'র ইন্ট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ তালিকার অন্তর্ভুক্ত করার জন্য 'গর্বা' নৃত্য শৈলীকে মনোনীত করল ভারত। এটি গুজরাতের একটি প্রচলিত নৃত্য শৈলী। এটি অনুমোদিত হলে, ইউনেস্কো'র তালিকায় গুজরাতের প্রথম ইন্ট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজের স্বীকৃতি পাবে এই নৃত্য শৈলী। ২০০৮ সাল থেকে, এখনও পর্যন্ত ভারত থেকে মোট ১৪টি ঐতিহ্য ইউনেস্কোর ইন্ট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ তালিকাভুক্ত হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২১ সালে ইউনেস্কোর ইন্ট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ তালিকাভুক্ত হয়েছিল বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গা পুজো।

২৪ আগস্ট : ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফিনান্স কোম্পানি লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন মহেন্দ্র এন.শাহ।



প্রথম ভারতীয় মহিলা পাইলট হিসাবে, উত্তর মেরুর ওপর দিয়ে ১৬,০০০ কিলোমিটার রেকর্ড দূরত্ব পাড়ি দেওয়ায়, মার্কিন যুক্তরাষ্ট্রের সান ফ্র্যান্সিসকো অ্যাভিয়েশন জাদুঘরে স্থান পেলেন 'এয়ার ইন্ডিয়া'র সিনিয়র পাইলট জোয়া আগরওয়াল। ২০২১ সালে জোয়া আগরওয়ালের নেতৃত্বে 'এয়ার ইন্ডিয়া'র মহিলা পাইলটের একটি দল প্রথমবারের মতো মার্কিন যুক্তরাষ্ট্রের সান ফ্র্যান্সিসকো থেকে উত্তর মেরুর ওপর দিয়ে ভারতের বেঙ্গালুরু শহর পর্যন্ত বিশ্বের দীর্ঘতম বিমান পথ পাড়ি দেন।

❑ পেটকেয়ার ব্র্যান্ড 'হেডস আপ ফর টেইলস'এর প্রথম প্রচারদূত হিসাবে মনোনীত হলেন বলিউড অভিনেত্রী কৃতী শ্যানন।

### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে-কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

❑ ২০২২ সালে সাহিত্য অকাদেমির 'যুব সাহিত্য পুরস্কার' পেলেন ৩০ বছর বয়সি তরুণ কবি সুমন পাতারি। 'লিখে কিছু হয় না' কবিতার জন্য এই পুরস্কার পেলেন তিনি। ২০১৯ সালে 'অক্ষর প্রকাশনী' থেকে প্রকাশিত হয় এই কবিতার বইটি।



বিশ্বের সর্বকনিষ্ঠ ব্যক্তি হিসাবে, একটি ছোট বিমানের সাহায্যে একা সারা বিশ্ব ঘুরে নতুন রেকর্ড গড়লেন ১৭ বছর বয়সি বেলজিয়ান-ব্রিটিশ পাইলট ম্যাক রাদারফোর্ড। ২৩ মার্চ, বুলগেরিয়ার রাজধানী সোফিয়া থেকে যাত্রা শুরু করেন ও সেখান থেকে ৫টি মহাদেশের ৫২টি দেশ ভ্রমণ করেন তিনি। এর ফলে, ২টি রেকর্ড ভাঙলেন তিনি। প্রথমটি হল, বিশ্বের সর্বকনিষ্ঠ ব্যক্তি হিসাবে একা সারা বিশ্ব ঘোরার রেকর্ড (এর আগে, এই রেকর্ড ছিল ব্রিটিশ পাইলট ট্র্যাভিস লুডলো'র দখলে, যিনি ২০২১ সালে ১৮ বছর ১৫০ দিন বয়সে বিশ্বের সর্বকনিষ্ঠ ব্যক্তি হিসাবে একা সারা বিশ্ব ঘুরেছিলেন)। দ্বিতীয়টি হল, বিশ্বের সর্বকনিষ্ঠ ব্যক্তি হিসাবে মাইক্রোলাইট বিমানে একা সারা বিশ্ব ঘোরার রেকর্ড (এর আগে, এই রেকর্ড ছিল বেলজিয়ান-ব্রিটিশ মহিলা পাইলট জারা রাদারফোর্ডের দখলে, যিনি ১৯ বছর বয়সে বিশ্বের সর্বকনিষ্ঠ মহিলা পাইলট হিসাবে মাইক্রোলাইট বিমানে একা সারা বিশ্ব ঘুরেছিলেন)।

❑ হরিয়ানার ফরিদাবাদে, 'অমৃতা হাসপাতাল' নামে ভারতের বৃহত্তম বেসরকারি হাসপাতালের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ১৪ তলা বিশিষ্ট এই হাসপাতালের প্রতিটি বিভাগে রয়েছে আধুনিক প্রযুক্তি। মোট ২,৬০০টি শয্যাবিশিষ্ট সুপার স্পেশালিটি হাসপাতাল এটি। এছাড়াও, আলাদাভাবে থাকবে ৫৩৪টি ক্রিটিক্যাল বেড কেয়ারের ব্যবস্থাও। রোগীদের হাসপাতাল থেকে অন্যত্র স্থানান্তর করার জন্য, হাসপাতালটির ছাদে একটি হেলিপ্যাডও রয়েছে। ১৩০ একর ক্যাম্পাস জুড়ে বিস্তৃত এই হাসপাতালের সঙ্গে একটি ৭ তলা ভবনের গবেষণার অংশও রয়েছে। ৮০০ জন চিকিৎসকের সঙ্গে ২,৫০০ প্যারামেডিক্যাল স্টাফও থাকবেন হাসপাতালে। হাসপাতাল জুড়ে থাকবে মোট ৮১টি দপ্তর, যেখানে ৬৪টি মডিউলার অপারেশন থিয়েটারও থাকবে। 'মাতা অমৃতানন্দময়ী মঠ'এর পৃষ্ঠপোষকতায় প্রায় ৬ বছর ধরে এই হাসপাতাল তৈরি হয়েছে।

❑ পঞ্জাবের চণ্ডীগড়ের মোহালির মুল্লানপুরে, ৩০০ শয্যাবিশিষ্ট 'হোমি ভাবা ক্যান্সার হাসপাতাল'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কেন্দ্রীয় পরমাণবিক শক্তি বিভাগের আওতায় থাকা, 'টাটা মেমোরিয়াল সেন্টার' ৬৬০ কোটি টাকা খরচ এই হাসপাতালটি তৈরি করেছে। এই হাসপাতালে শল্য চিকিৎসা, রেডিওথেরাপি, কেমোথেরাপি, ইমিউনোথেরাপি ও বোন ম্যারো ট্রান্সপ্ল্যান্টের মতো ব্যবস্থাতে ক্যান্সারের চিকিৎসা হবে। ক্যান্সার চিকিৎসার হাব হিসাবেই ব্যবহার করা হবে এই হাসপাতাল।

২৫ আগস্ট : ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন'এর চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন বিজ্ঞানী ড. সমীর ভি.কামাত।

❑ 'আন্তর্জাতিক মুদ্রা ভান্ডার'এ ভারতের জন্য এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন কৃষ্ণমূর্তি ভেঙ্কটা সুব্রমনিয়ান।

❑ বিশ্বের প্রথম হাইড্রোজেন চালিত যাত্রীবাহী ট্রেন চালু হল জার্মানিতে। 'কোরাডিয়া ইলিন্ট' নামে এই ট্রেনগুলি এক ট্যাঙ্ক হাইড্রোজেন দিয়ে ১,০০০ কিলোমিটার চলতে পারে। দেশটির লোয়ার স্যাক্সনি প্রদেশের ১৫টি ডিজেলচালিত ট্রেনের বদলে চলাচল শুরু করেছে এইসব ট্রেন। এই ট্রেনগুলি জ্বালানির জন্য ফুয়েল সেল ব্যবহার করে। ট্রেনগুলির সর্বোচ্চ গতিবেগ ১৪০ কিলোমিটার পর্যন্ত। লোয়ার স্যাক্সনি প্রদেশটির উত্তরের শহর কুক্সহেভেন, ব্রেমারহেভেন, ব্রেমারভোর্ডে ও বুক্সটেহুডের মধ্যবর্তী রুটে চলাচল করছে এইসব ট্রেন। ফরাসি কোম্পানি 'অ্যালস্টম' এই ধরনের ১৪টি ট্রেন তৈরি করেছে, যা পরিচালনা করছে স্থানীয় রেল প্রতিষ্ঠান। ট্রেনগুলি তৈরি করতে মোট খরচ হয়েছে ৯৩ মিলিয়ন ইউরো। ট্রেনগুলির নকশা তৈরি করা হয়েছে ফরাসি শহর তারবেসে ও সমস্ত সংযোগ করে সম্পূর্ণ রূপ দেওয়া হয়েছে জার্মানির সালজগিটারে অবস্থিত অ্যালস্টমের কারখানায়।

❑ দক্ষিণ দিল্লিতে অবস্থিত 'অনঙ্গ তাল হ্রদ'কে জাতীয় গুরুত্বের স্মৃতিস্তম্ভ হিসাবে ঘোষণা করল কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক। এই হ্রদটি প্রায় ১,০০০ বছর আগে তৈরি বলে মনে করা হয়। জাতীয় গুরুত্বের স্মৃতিস্তম্ভগুলি 'আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া'র মাধ্যমে মনোনীত হয়। কোনো স্থান জাতীয় গুরুত্বের স্মৃতিস্তম্ভ হিসাবে বিবেচিত হলে, কেন্দ্রীয় সরকার এইসব স্মৃতিস্তম্ভের রক্ষণাবেক্ষণ, সুরক্ষা ও প্রচার করে থাকে।

❑ কর্ণাটকের বেঙ্গালুরু শহরে তৈরি হতে চলেছে ভারতের প্রথম থ্রিডি প্রিন্টেড পোস্ট অফিস। এই থ্রিডি প্রিন্টেড পোস্ট অফিসের নির্মাণ খরচ, একটি সাধারণ পোস্ট অফিস নির্মাণের থেকে এক চতুর্থাংশ কম। বেঙ্গালুরুর হালাসুরুতে কেম্ব্রিজ লেআউটে এই নতুন পোস্ট অফিস ভবনটি থ্রিডি প্রিন্টিং ব্যবহার করে তৈরি হবে, যা আগামী মাসের মধ্যে সম্পন্ন হবে বলে মনে করা হচ্ছে। 'লার্সেন অ্যান্ড টুব্রো' এই ভবনটি তৈরি করছে। তিনতলা বিশিষ্ট এই ভবনটি তৈরিতে ছাড়পত্র দিয়েছে কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রকের 'বিল্ডিং মেটেরিয়ালস অ্যান্ড টেকনোলজি প্রোমোশন কাউন্সিল' ও 'আইআইটি মাদ্রাজ'।

❑ নবম তথা চূড়ান্ত রাউন্ডে, স্পেনের ডেভিড অ্যান্টন গুইজারোকে হারিয়ে, ২৮ তম 'আবু ধাবি মাস্টার্স দাবা টুর্নামেন্ট' জিতলেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার অর্জুন ইরিগাইসি। ৭.৫ পয়েন্ট নিয়ে এই খেতাব অর্জন করলেন তিনি।

২৬ আগস্ট : লখনউয়ের কুকরাইল কাননে ভারতের প্রথম নাইট সাফারি পার্ক স্থাপনের অনুমোদন দিল উত্তর প্রদেশ সরকার। এই উচ্চাভিলাষী প্রকল্পটি কুকরাইলের ২০২৭.৪ হেক্টর কাননের একটি অংশকে নাইট সাফারি পার্ক ও একটি জুলজিক্যাল পার্কে রূপান্তরিত করবে। নাইট সাফারি পার্কটি ৩৫০ একর ও জুলজিক্যাল পার্কটি ১৫০ একর জায়গা নিয়ে তৈরি করা হবে। এখন, সারা দেশে ১৩টি সাফারি রয়েছে, তবে সেগুলি সবই ডে সাফারি। এই প্রকল্পের লক্ষ্য হল, রাজ্যে ইকো-ট্যুরিজমের প্রচার।

❑ 'মর্নিং কনসাল্ট পলিটিক্যাল ইন্টেলিজেন্স' সমীক্ষা অনুসারে, বিশ্বের জনপ্রিয় নেতাদের তালিকায় আবারও শীর্ষে স্থান পেলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ৭৫ শতাংশের অনুমোদন রেটিং পেয়ে শীর্ষে রয়েছেন তিনি। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে মেক্সিকোর প্রেসিডেন্ট আন্দ্রেস ম্যানুয়েল লোপেজ ওব্রাডর (৬৩%) ও ইতালির প্রধানমন্ত্রী মারিও দ্রাঘি (৫৪%)। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে, ২০২২ সালের জানুয়ারিতে ও ২০২১ সালের নভেম্বরে জনপ্রিয় বিশ্ব নেতাদের তালিকার শীর্ষে ছিলেন মোদী।

❑ ৫টি মাপকাঠির নিরিখে, উত্তরাখণ্ডের হরিদ্বারকে ভারতের সেরা উচ্চাকাঙ্ক্ষী জেলা হিসাবে ঘোষণা করল নীতি আয়োগ। আর এই কারণে পুরস্কার হিসাবে হরিদ্বারকে ৩ কোটি টাকা দেওয়া হল। প্রসঙ্গত উল্লেখ্য, যে যে জেলা উন্নতি করতে চায়, তাদের ওপরে উন্নতির পদ্ধতি কী কী হবে, কীভাবে এই জেলাগুলি উন্নতি করতে চাইছে, কোন কোন পরিবারের ক্ষেত্রে কেমন ফল হবে — এইসব সম্পর্কিত বিচার কোন খাতের উচ্চাকাঙ্ক্ষা সবথেকে বেশি, তা নির্ধারণ করে নীতি আয়োগ। সেই নিরিখেই দেশের অন্যান্য জেলাকে টপকে ১ নম্বরে উঠে এসেছে হরিদ্বার।



### উয়েফা পুরস্কার - ২০২২

❑ **পুরুষ ক্রীড়াবিদ :** করিম বেঞ্জেমা (রিয়াল মাদ্রিদ/ ফ্রান্স)।

❑ **মহিলা ক্রীড়াবিদ :** অ্যালেক্সিয়া পুতেয়াস (এফসি বার্সেলোনা/ স্পেন)।

❑ **পুরুষ কোচ :** কার্লো আনচেলত্তি (রিয়াল মাদ্রিদ)।

❑ **মহিলা কোচ :** সারিনা উইগম্যান (ইংল্যান্ড উইমেন)।

❑ **প্রেসিডেন্ট'স পুরস্কার বিজেতা :** অরিগো সাচি।

❑ কনৌজকে সুগন্ধী পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার সিদ্ধান্ত নিল উত্তর প্রদেশ সরকার। এছাড়াও, ভারতে সুগন্ধী শিল্পের গুরুত্বের ওপর আরও জোর দেওয়ার জন্য, ডিসেম্বরে কনৌজে আন্তর্জাতিক সুগন্ধী মেলা আয়োজন করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। সুগন্ধী পর্যটন কেন্দ্রের প্রথম ধাপের কাজ এ বছরের ১৫ নভেম্বরের মধ্যে শেষ হয়ে যাবে বলে মনে করা হচ্ছে। এই উদ্যোগের লক্ষ্য হল, ২৫০ কোটি টাকার সুগন্ধী ব্যবসাকে ২৫,০০০ কোটি টাকায় নিয়ে যাওয়া। প্রসঙ্গত উল্লেখ্য, কনৌজের সুগন্ধীর আন্তর্জাতিক স্বীকৃতি রয়েছে, যা 'এক জেলা, এক পণ্য'র অধীনে রয়েছে।

❑ ১১১ বছরেরও বেশি সময় পর, উত্তর-পূর্ব ভারতের ছোট রাজ্য নাগাল্যান্ডে তৈরি হল দ্বিতীয় রেলওয়ে স্টেশন। এদিন, নাগাল্যান্ডের শোখুভিতে এই স্টেশনের উদ্বোধন করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী নেফিউ রিও। এতদিন এ রাজ্যে রেলস্টেশন বলতে ছিল ডিমাপুর রেলওয়ে স্টেশন, যা ১৯০৩ সালে চালু হয়েছিল। রেলপথে সব ধরনের যোগাযোগের একমাত্র নির্ভর ছিল এই স্টেশনের মাধ্যমেই। সেই ডিমাপুর থেকে কয়েক কিলোমিটার দূরে এই নতুন স্টেশন তৈরি হয়েছে। এই স্টেশনে রয়েছে ২টি প্ল্যাটফর্ম ও ৩টি রেলট্র্যাক। ধনসিঁড়ি (অসম)-জুবজা (কোহিমা) লাইনে এটিই হল প্রথম স্টেশন। এছাড়াও, এদিন এই নতুন স্টেশনে দাঁড়িয়ে 'ডোনি পোলো এক্সপ্রেস'এর যাত্রার সূচনা করেন মুখ্যমন্ত্রী। এই ট্রেনটি প্রতিদিন অসমের গুয়াহাটি থেকে অরুণাচল প্রদেশের নাহারলাগুন পর্যন্ত চলাচল করত। তবে, এখন থেকে ট্রেনটি নাগাল্যান্ডের শোখুভি পর্যন্ত চলবে। এর ফলে অরুণাচল প্রদেশের সঙ্গে সরাসরি যুক্ত হল নাগাল্যান্ড।

❑ প্রথম ভারতীয় হিসাবে, বিশ্ব জুডো অনূর্ধ্ব-১৮ চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ৫৭ কেজি বিভাগে সোনার পদক জিতে ইতিহাস গড়লেন জুডোকা লিনথোই চানামবম। ব্রাজিলিয়ান জুডোকা বিয়াঙ্কা রেইসকে ১-০ ব্যবধানে হারিয়ে এই খেতাব অর্জন করলেন তিনি।

❑ সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিল 'ফিফা'। ফলে, এবার সব আন্তর্জাতিক ম্যাচে অংশ নিতে পারবে ভারত। এমনকি, অনূর্ধ্ব-১৭ মহিলা বিশ্বকাপ আয়োজনেও আর কোনো বাধা রইল না।

২৭ আগস্ট : গুজরাতের আহমেদাবাদে 'সবরমতী' নদীর ওপর পথচারী ও সাইকেল চলাচলের জন্য ৩০০ মিটার দীর্ঘ 'অটল সেতু'র উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। খাদি উৎসব অনুষ্ঠান থেকে এই সেতুটির উদ্বোধন করেছেন তিনি। যানজট এড়াতে, শুধুমাত্র পথচারী ও সাইকেল চালকদের জন্য তৈরি হয়েছে এই সেতু। এই সেতুতে কোনো গাড়ি চলবে না। 'আহমেদাবাদ মিউনিসিপ্যাল কর্পোরেশন'এর উদ্যোগে তৈরি হওয়া এই সেতুটি তৈরি করতে ২,৬০০ মেট্রিক টন ইস্পাতের পাইপ ব্যবহার করা হয়েছে। সেতুর ছাদ তৈরিতে ব্যবহার করা হয়েছে রঙিন কাপড়। স্টেনলেস স্টিল ও কাচ দিয়ে তৈরি হয়েছে সেতুর রেলিং। দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীর নামে এই সেতুর নাম রাখা হয়েছে 'অটল সেতু'।

❑ চিনির বিকল্প 'জাইলিটোল' উৎপাদনের নতুন পদ্ধতি আবিষ্কার করল আইআইটি গুয়াহাটি। আখের ছোবড়া অংশ নিয়েই এই পদ্ধতিতে চিনির বিকল্প তৈরি করা যাবে। বলা হচ্ছে, এই চিনির বিকল্প তৈরি হবে আল্ট্রাসাউন্ড সমর্থিত ফারমেন্টেশন পদ্ধতিতে। 'জাইলিটোল' মূলত একটি মানবজাতির প্রাকৃতিক সামগ্রী, যার মধ্যে রয়েছে ডায়াবেটিস বিরোধী ও ওবেসিটি বিরোধী নানা উপাদান। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ফারমেন্টেশন পদ্ধতিতে ১৫ ঘণ্টা ধরে বিকল্প চিনি তৈরি করা হত। ফলে, বাণিজ্যিক দিক থেকে এটি তৈরিতে অনেক সময় লেগে যেত। তবে, জাইলিটোল সমস্ত উপাদানের ৪৮ ঘণ্টা সময় নেয় ফারমেন্টেশন পদ্ধতির জন্য, আর সেই কারণেই এতে যোগ করা হয়েছে আল্ট্রাসাউন্ড সমর্থিত পদ্ধতি। তবে, বাণিজ্যিকভাবে এই পদ্ধতি অবলম্বন করতে লাগবে উচ্চক্ষমতা সম্পন্ন শক্তি, যা আল্ট্রাসাউন্ডকে সমর্থন জোগাতে পারবে।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ



২০২২ সালে 'ইউনেস্কো শান্তি পুরস্কার' পেলেন প্রাক্তন জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মর্কেল। শরণার্থীদের স্বাগত জানানোর পদক্ষেপের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। ২০১৫ সালে জার্মানিতে ১.২ মিলিয়নেরও বেশি শরণার্থীদের স্বাগত জানিয়েছেন তিনি। আইভরি কোস্টের প্রাক্তন প্রেসিডেন্ট ফেলিক্স হাউফুয়েট-বোইনি'র নামানুসারে, এই পুরস্কারটির আনুষ্ঠানিক নাম রাখা হয়েছে 'ফেলিক্স হাউফুয়েট-বোইনি'। প্রসঙ্গত উল্লেখ্য, শান্তির প্রচারে বিশেষ প্রচেষ্টা চালিয়েছেন, এমন ব্যক্তি বা সংস্থাকে ১৯৮৯ সাল থেকে প্রতি বছর এই পুরস্কার দেওয়া হচ্ছে।

❑ নয়াদিল্লিতে এক অনুষ্ঠানে, ৩১ তম 'ব্যাস সম্মান' পেলেন হিন্দি লেখক ড.আসঁগর বাজাহাট। মোগল সম্রাট আকবরকে কেন্দ্র করে লেখা নাটক 'মহাবলী'র জন্য এই সম্মানজনক পুরস্কার পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, গত ১০ বছরে প্রকাশিত একজন ভারতীয় নাগরিকের মাধ্যমে রচিত হিন্দিতে একটি অসামান্য সাহিত্যকর্মের জন্য, 'কে কে বিড়লা ফাউন্ডেশন' এই পুরস্কার দেয়।

❑ প্রথম ভারতীয় হিসাবে, 'লুসান ডায়মন্ড লিগ'এ সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন অলিম্পিক চ্যাম্পিয়ন জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া। প্রথম প্রচেষ্টায় ৮৯.০৮ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে এই খেতাব জিতলেন তিনি। ৮৫.৮৮ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে দ্বিতীয় স্থান পেয়েছেন চেক প্রজাতন্ত্রের জাকুব ভালদেচ ও ৮৩.৭২ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে তৃতীয় স্থান পেয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রের কার্টিস থম্পসন।

**২৮ আগস্ট :** 'সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া'র পূর্ণ সময়ের সদস্য হিসাবে মনোনীত হলেন অধ্যাপক অনন্ত নারায়ণ গোপালকৃষ্ণণ।

❑ ভারতে 'মারুতি সুজুকি'র উপস্থিতির ৪০ বছর পূর্তি উপলক্ষ্যে, গুজরাতের হাঁসালপুরে মারুতি সুজুকির ইলেক্ট্রিক ভেহিক্যল ব্যাটারি তৈরির কারখানার ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এছাড়াও, এদিন হরিয়ানার সোনিপত জেলার খারখোদায় কোম্পানির যানবাহন উৎপাদন করার কারখানার ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন মোদী। ২০২৫ সাল থেকে মারুতি সুজুকি ভারতে বৈদ্যুতিক গাড়ির উৎপাদন শুরু করতে পারে বলে মনে করা হচ্ছে।

❑ বিশ্বের বৃহত্তম ধর্মীয় স্মৃতিসৌধ হিসাবে তৈরি হতে চলেছে পশ্চিমবঙ্গের নদিয়া জেলার মায়াপুরে অবস্থিত বৈদিক প্ল্যানেটোরিয়াম মন্দির। 'ইসকন'এর সদরদফতরও হতে চলেছে এই মন্দির। বিশ্বের বৃহত্তম গম্বুজ থাকবে এই মন্দিরে। মন্দিরটি পুরোপুরি তৈরি হলে তা আগ্রার 'তাজমহল' ও ভ্যাটিক্যানের 'সেন্ট পল ক্যাথিড্রাল'এর থেকেও বড় হবে বলে মনে করা হচ্ছে। ২০২৪ সালে মন্দিরটি চালু হবে বলে মনে করা হচ্ছে।

❑ ২০২২ সালে 'মিস ডিভা ইউনিভার্স'এর খেতাব পেলেন কর্ণাটকের ২৩ বছর বয়সি মডেল দিভিতা রাই।

❑ ভূমিকম্পে নিহতদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করতে, গুজরাতের কচ্ছের ভুজ শহরের ভুজিও হিল এলাকায়, ভারতের প্রথম ভূমিকম্প স্মৃতিসৌধ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ৪৭০ একর জায়গা জুড়ে তৈরি হওয়া এই মেমোরিয়ালের নাম রাখা হয়েছে 'স্মৃতি বন'। ২০০১ সালের ২৬ জানুয়ারির ভূমিকম্পে যাঁরা মারা গিয়েছিলেন, তাঁদের নাম খোদাই করা রয়েছে এই সৌধে। এই স্মৃতিসৌধে রয়েছে অত্যাধুনিক ভূমিকম্প জাদুঘর।

❑ প্রথম ভারতীয় হিসাবে, আন্তর্জাতিক ক্রিকেটে ৩ ফর্ম্যাটেই (টেস্ট ম্যাচ, একদিনের আন্তর্জাতিক ও টোয়েন্টি-২০) ১০০টি ম্যাচ খেলার নজির গড়লেন বিরাট কোহলি। এদিন, ১৫ তম 'এশিয়া কাপ'এ পাক-ই-স্তানের বিরুদ্ধে খেলতে নামার সঙ্গে সঙ্গেই এই নজির গড়লেন তিনি। ২০০৮ সালের আগস্টে, আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেকের পর থেকে এখনও পর্যন্ত ১০২টি টেস্ট ম্যাচ, ২৬২টি একদিনের আন্তর্জাতিক ম্যাচ ও ১০১টি টোয়েন্টি-২০ ম্যাচ খেলেছেন কোহলি। বিশ্বের ক্রিকেটারদের মধ্যে তাঁর আগে এই তালিকায় রয়েছেন প্রাক্তন নিউজিল্যান্ড তারকা রস টেলর। ২০০৬ থেকে ২০২২ সালের মধ্যে দেশের হয়ে ১১২টি টেস্ট ম্যাচ, ২৩৬টি একদিনের আন্তর্জাতিক ম্যাচ ও ১০২টি টোয়েন্টি-২০ ম্যাচ খেলেছেন তিনি।

❑ তাইল্যান্ডের কুনলাভুত ভিতিদসার্নকে ২১-৫ ও ২১-১৬ ব্যবধানে হারিয়ে, 'বিশ্ব ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ডেনমার্কের ভিক্টর অ্যাক্সেলসেন।

❑ ২০২২ সালে 'বেলজিয়ান ফর্মুলা ওয়ান গ্রাঁ প্রি' জিতলেন রেড বুলের ড্রাইভার ম্যাক্স ভারস্তাপেন।

**২৯ আগস্ট :** দেশের কফি আরও জনপ্রিয় করে তুলতে, বিশ্বে এই প্রথম কফি বিষয়ক মন্ত্রী নিয়োগ করল পাপুয়া নিউ গিনি সরকার। কফি মন্ত্রী হিসাবে মনোনীত হওয়া জো কুলি'র কাজ হবে কফি বিষয়ক সব কিছু দেখভাল করা।

❑ মার্সিডিজ-বেঞ্জ ইন্ডিয়া'র ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন সন্তোষ আইয়ার।

❑ সার্বিয়ার প্রধানমন্ত্রী হিসাবে আবার মনোনীত হলেন আনা বারনাবিক।

❑ প্রখ্যাত কৃষি অর্থনীতিবিদ অভিজিৎ সেন (৭২ বছর) মারা গেলেন। প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের আমলে ২০০৪ থেকে ২০১৪ সাল পর্যন্ত পরিকল্পনা কমিশনের প্রাক্তন সদস্য ছিলেন তিনি। এছাড়াও, 'জাতীয় পরিসংখ্যান কমিশন'এর চেয়ারম্যান ও ভারতের প্রধান পরিসংখ্যানবিদ ছিলেন তিনি।

❑ বিশ্ব জুড়ে হোমিওপ্যাথি পদ্ধতি প্রচারের লক্ষ্যে, দুবাইতে অনুষ্ঠিত হল প্রথম 'হোমিওপ্যাথি আন্তর্জাতিক স্বাস্থ্য সম্মেলন'। এই সম্মেলনের থিম 'জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ণের কারণে সৃষ্ট রোগ'। সম্মেলনটি আয়োজন করেছে 'বার্নেট হোমিওপ্যাথি প্রাইভেট লিমিটেড'।

❑ 'ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরো'র পরিসংখ্যান অনুযায়ী, দেশের সবথেকে নিরাপদ শহরের তকমা পেল কলকাতা। পরপর ৩ বার এই তকমা পেল এই শহর। অন্যদিকে, অপরাধের ঘটনার শীর্ষে রয়েছে রাজধানী শহর দিল্লি। রিপোর্ট অনুযায়ী, ২০২১ সালে কলকাতায় যেখানে খুনের সংখ্যা ৪৫, সেখানে এই একই সময়ে দিল্লিতে খুন হয়েছেন ৪৫৪ জন।

❑ 'জাতীয় ক্রীড়া দিবস' উপলক্ষ্যে, 'মুখ্যমন্ত্রী উদ্যমান খিলাড়ি উন্নয়ন যোজনা' চালু করলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। এই প্রকল্পের অধীনে, ৮ থেকে ১৪ বছর বয়সি রাজ্যের উদীয়মান ক্রীড়াবিদদের প্রতি মাসে ১,৫০০ টাকার ক্রীড়া বৃত্তি দেওয়া হবে। প্রতি বছর মোট ৩,৯০০ ক্রীড়াবিদকে বৃত্তি দেওয়া হবে, যাঁদের মধ্যে ১,৯৫০ জন ছেলে ও ১,৯৫০ জন মেয়ে।

❑ বিশিষ্ট সঙ্গীত প্রতিভা আল্লা রাখা রহমানকে সম্মান জানালো কানাডা সরকার। তাঁর নামে কানাডার ওন্টারিওর মরখম অঞ্চলে একটি রাস্তার নাম রাখা হল 'আল্লা রাখা রহমান স্ট্রিট'।

❑ আন্তর্জাতিক ও ঘরোয়া ক্রিকেট থেকে অবসরের সিদ্ধান্ত নিলেন ভারতীয় স্পিনার রাহুল শর্মা।

**৩০ আগস্ট :** তাইল্যান্ডে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন নগেশ সিং।



সোভিয়েত ইউনিয়নের প্রথম ও শেষ প্রেসিডেন্ট মিখাইল গর্বাচভ (৯১ বছর) মারা গেলেন। ১৯৮৫ থেকে ১৯৯১ সাল পর্যন্ত ক্ষমতায় ছিলেন গর্বাচভ। ১৯৮৪ সালে কমিউনিস্ট পার্টির জেনারেল সেক্রেটারি হিসাবে দায়িত্ব নেন তিনি। তাঁর আমলেই মধ্য ও পূর্ব ইউরোপ জুড়ে কমিউনিজমের পতন ঘটে।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে, 'জুতো ও চামড়ার পণ্য নীতি ২০২২' চালু করল তামিলনাড়ু সরকার। এজন্য ৫টি কোম্পানি কোঠারি ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন লিমিটেড, কেআইসিএল এসইএমএস গ্রুপ, কেআইসিএল (ফুটওয়্যার ক্লাস্টার), ওয়াগন ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড ও ওয়ালকারু ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে রাজ্য সরকার। জুতো ও চামড়া খাতে ২,২৫০ কোটি টাকা বিনিয়োগের জন্য এই চুক্তি করা হয়েছে, যার ফলে ৩৭,৪৫০ কর্মসংস্থান তৈরি হবে বলে মনে করা হচ্ছে। ২০২৫ সালের ৩১ মার্চ পর্যন্ত এই নীতিটি বৈধ থাকবে ও তা পর্যায়ক্রমে সংশোধন করা হবে। এই নীতিতে ২টি বিশেষ প্যাকেজের কথা বলা হয়েছে, যার মধ্যে একটি হল জুতো ও চামড়াজাত পণ্য উৎপাদন ও অন্যটি জুতো ও চামড়াজাত পণ্য ডিজাইন স্টুডিও।

❑ গুজরাতের হাজিরাতে, ভারতের প্রথম ও বিশ্বের বৃহত্তম কার্বন ফাইবার প্ল্যান্ট গড়ার ঘোষণা করলেন 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ'এর চেয়ারম্যান মুকেশ আম্বানি। সংস্থার 'অয়েল টু কেমিক্যাল সেগমেন্ট'এর অংশ হিসাবে এই প্ল্যান্টটি তৈরি করা হবে, যেখানে আগামী ৫ বছরে ৭৫,০০০ কোটি টাকা বিনিয়োগ করবে রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ।

**৩১ আগস্ট :** 'অল ইন্ডিয়া রেডিও'র নিউজ সার্ভিসেস ডিভিশনের ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন ড. বসুধা গুপ্ত।

❑ 'সুইস রি ইনস্টিটিউট'এর রিপোর্ট অনুযায়ী, ২০২১ সালে বিশ্বের বৃহত্তম বিমা বাজারে দশম স্থান পেল ভারত। তবে, আগামী ১০ বছরে প্রিমিয়ামের পরিমাণ বাড়ার কারণে এই দেশ ষষ্ঠ স্থানে উঠে আসবে বলে এই রিপোর্টে জানানো হয়েছে। অনুমান করা হয়েছে, দেশে মোট বিমা প্রিমিয়াম বার্ষিক ১৪% হারে বাড়বে। রিপোর্ট অনুসারে, ২০২২ সালে দেশে জীবন বিমা সেক্টরে বৃদ্ধির হার ব্যতিক্রমীভাবে ৬.৬ শতাংশে পৌঁছাবে। শুধু তাই নয়, বিশেষজ্ঞদের একাংশের মতে, ২০২৩ সালে এই বৃদ্ধির হার ৭.১% স্পর্শ করতে পারে। এই বৃদ্ধির হার স্পর্শ করতে পারলে, ভারতে জীবন বিমার প্রিমিয়াম ২০২২ সালে প্রথমবারের মতো ১০০ বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করবে।

❑ 'টোকিও অলিম্পিক্স'এ যে জ্যাভলিনটি ছুঁড়ে সোনার পদক পেয়েছিলেন ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া, সেই ঐতিহাসিক জ্যাভলিনটি সুইৎজারল্যান্ডের লুসানে 'আন্তর্জাতিক অলিম্পিক্স মিউজিয়াম'কে দান করলেন তিনি। পরবর্তী প্রজন্মকে জ্যাভলিনে উৎসাহিত করতেই এই সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

❑ প্রথম ভারতীয় মহিলা সাঁতারু হিসাবে, 'ওয়ার্ল্ড জুনিয়র সুইমিং চ্যাম্পিয়নশিপ'এর ফাইনালে পৌঁছে ইতিহাস গড়লেন অপেক্ষা ফার্নান্দেজ। পেরুর লিমায় অনুষ্ঠিত এই চ্যাম্পিয়নশিপে মহিলাদের ২০০ মিটার বাটারফ্লাই সামিট ক্ল্যাশে, ২:১৯.১৪ সময় করে শেষ তথা অষ্টম স্থানে শেষ করেছেন তিনি।

❑ বিশ্বের প্রথম ব্যাটসম্যান হিসাবে, আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটে ৩,৫০০ রান করলেন ভারতীয় অধিনায়ক রোহিত শর্মা। এদিন, 'এশিয়া কাপ'এ হংকংয়ের বিরুদ্ধে ম্যাচে এই নজির গড়েছেন তিনি। হংকংয়ের বিরুদ্ধে খেলতে নামার আগে, রোহিতের রান ছিল ৩,৪৯৯। প্রথম ওভারের চতুর্থ বলে হারুন আরশাদের বলে সিঙ্গল নিয়ে ৩,৫০০ রান পূর্ণ করলেন তিনি। শেষপর্যন্ত ২১ রান করে আউট হন তিনি। ১৩৪টি ম্যাচের ১২৬টি ইনিংসে ৩,৫০০ রানের মাইলফলক টপকে যান রোহিত। ফলে, আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটে তাঁর সংগৃহীত রান দাঁড়িয়েছে ৩,৫২০। প্রসঙ্গত উল্লেখ্য, ৩,৪৯৭ রান নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছেন নিউজিল্যান্ডের মার্টিন গাপ্টিল ও ৩,৩৪৩ রান নিয়ে তৃতীয় স্থানে রয়েছে বিরাট কোহলি।

☛ এরপর আগামী সপ্তাহে

**সঙ্কলক : পল্লবী দেওয়ান**

## ৬৭ তম ফিল্মফেয়ার পুরস্কার - ২০২২



- ❑ **চলচ্চিত্র (পপুলার) :** শেরশাহ।
- ❑ **পরিচালক :** বিষ্ণুবর্ধন (শেরশাহ)।
- ❑ **অভিনেতা :** রনবীর সিং (৮৩)।
- ❑ **অভিনেত্রী :** কৃতি শ্যানন (মিমি)।
- ❑ **সহ-অভিনেতা :** পঙ্কজ ত্রিপাঠি (মিমি)।
- ❑ **সহ-অভিনেত্রী :** সাই তমহাঙ্কার (মিমি)।
- ❑ **অভিনেতা (সমালোচকদের নজরে) :** ভিকি কৌশল (সর্দার উধম)।
- ❑ **অভিনেত্রী (সমালোচকদের নজরে) :** বিদ্যা বালান (শেরনি)।
- ❑ **চলচ্চিত্র (ক্রিটিক) :** সর্দার উধম।
- ❑ **গল্প :** অভিষেক কাপুর, সুপ্রতীক সেন ও তুষার পারাঞ্জাপে (চণ্ডীগড় করে আশিকি)।
- ❑ **সংলাপ :** দিবাকর বন্দ্যোপাধ্যায় ও বরুণ গ্রোভার (সন্দীপ অর পিঙ্কি ফারার)।
- ❑ **চিত্রনাট্য :** শুভেন্দু ভট্টাচার্য ও রীতেশ শাহ (সর্দার উধম)।
- ❑ **নবাগত অভিনেতা :** ইহান ভাট (৯৯ সংস)।
- ❑ **নবাগতা অভিনেত্রী :** শর্বরী বাগ (বান্টি অর বাবলি ২)।
- ❑ **জীবনকৃতি সম্মান :** সুভাষ ঘাই।

## ৬৪ তম রামন ম্যাগসেসে পুরস্কার — ২০২২

**সম্প্রতি প্রকাশিত হল ৬৪ তম 'রামন ম্যাগসেসে পুরস্কার - ২০২২'এর তালিকা, যা 'এশিয়ার নোবেল পুরস্কার' নামে পরিচিত। এ'বছর ৪ জনকে এই পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে। এ'বছরের পুরস্কার প্রাপকদের নাম ও পরিচয় :**



❑ **সোথেরা ছিম :** সোথেরা ছিম হলেন কম্বোডিয়ার একজন মনোরোগ বিশেষজ্ঞ। ১৯৭০'এর দশকে কম্বোডিয়ায় খেমার রুজের শাসনকালে প্রায় ২০ লাখ মানুষকে হত্যা করা হয় বলে অভিযোগ রয়েছে। এই ভয়াবহ নির্যাতন থেকে বেঁচে যাওয়াদের একজন হলেন সোথেরা ছিম।

❑ **বার্নাডেট জে.মাদ্রিদ :** ফিলিপিন্সের চিকিৎসক বার্নাডেট এই পুরস্কার পেয়েছেন পারিবারিক নির্যাতনের শিকার শিশুদের সুরক্ষায় কাজ করার জন্য। ১৯৯৭ সাল থেকে, ম্যানিলার 'ফিলিপাইন জেনারেল হাসপাতাল'এ দেশের প্রথম শিশু সুরক্ষা কেন্দ্রের নেতৃত্ব দিচ্ছেন তিনি।

❑ **তাদাশি হাট্টোরি :** জাপানি চক্ষুরোগ বিশেষজ্ঞ তাদাশি, ভিয়েতনামে বিনামূল্যে চোখের অস্ত্রোপচারের জন্য এই পুরস্কার পেয়েছেন।

❑ **গ্যারি বেনচেঘিব :** ফরাসি পরিবেশকর্মী ও চলচ্চিত্র পরিচালক গ্যারি বেনচেঘিব ইন্দোনেশিয়ার দূষিত জলপথ পরিষ্কার করার প্রচেষ্টার জন্য এই পুরস্কার পেয়েছেন।

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পুলিশে চাকরির

■ *কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদের প্রিলিমিনারি পরীক্ষার ফল কি পুজোর আগে বেরোবে? — রজত দাস, লক্ষ্মীপুর মঠ, বর্ধমান। গণেশ বর্মন, নোনাকুরী, তমলুক, পূর্ব মেদিনীপুর।*

■■ পুজোর পরই ফল বেরোবে।

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের জন্য আই.টি.আই. পাশ হওয়া কি বাধ্যতামূলক? — রীতেশ ভক্ত, ব্যান্ডেল, হুগলি।*

■■ না, বাধ্যতামূলক নয়।

■ *রেলে গ্রুপ-ডি পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সায়ন বিশ্বাস, আরামবাগ, হুগলি। সুভাশিষ মন্ডল।*

■■ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা গ্রুপ-ডি পদের জন্য আবেদন করতে পারেন। এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে কোনো ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য। এন.সি.ভি.টি.'র অনুমোদিত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন.এ.সি.) কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। নতুন বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

■ *সাধারণ গ্র্যাজুয়েট। রেলের পরীক্ষা দেওয়া যাবে কি? ইঞ্জিনিয়ারিং পাশ না হলে কি রেলের পরীক্ষা দেওয়া যায় না? — সায়ন্তন মন্ডল, ন'পাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ রেলের মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতায় বিভিন্ন পদে লোক নেওয়া হয়। সাধারণ গ্র্যাজুয়েট (বি.এ., বি.এসসি., বি.কম.) প্রার্থী নন-টেকনিক্যাল ক্যাটেগরিতে বিভিন্ন পদে দরখাস্ত করতে পারবেন। নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে উচ্চমাধ্যমিক যোগ্যতায় জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র টাইমকীপার, ট্রেন্স ক্লার্ক, কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক পদে ও গ্র্যাজুয়েট যোগ্যতায় ট্রাফিক অ্যাসিস্ট্যান্ট, গুডস গার্ড, সিনিয়র কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট, সিনিয়র টাইমকীপার, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস ও স্টেশন মাস্টার পদে দরখাস্ত করতে পারবেন। মাধ্যমিক যোগ্যতায় গ্রুপ-ডি পদের জন্য যোগ্য। ইঞ্জিনিয়ারিং যোগ্যতায় টেকনিক্যাল ক্যাটেগরিতে যেমন, জুনিয়র ইঞ্জিনিয়ার, সেকশন ইঞ্জিনিয়ার ইত্যাদি পদে দরখাস্ত করতে পারবেন। টেকনিক্যাল ক্যাটেগরিতে শুধুমাত্র ইঞ্জিনিয়ারিং প্রার্থীরাই যোগ্য। আর্টস, সায়েন্স, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য নন।

■ *রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — শাহরুক খান, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ কয়েক বছর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের বিজ্ঞপ্তি বেরোয়নি। তাই বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে। তবে কবে বেরোবে তা জানানো সম্ভব নয়।

## প্রাইমারি চাকরির

■ *প্রাইমারি 'টেট'এর যে পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে, তাতে বি.এড. কোর্স পাশরা কি এবার দরখাস্ত করতে পারবে? — সোমনাথ দত্ত, কেঞ্জাকুড়া, বাঁকুড়া।*

■■ হ্যাঁ, পারবে।

■ *ডিগ্রি কোর্স পাশ করে কি প্রাইমারি 'টেট' দেওয়া যায়? — কৌশিক চ্যাটার্জী, হুগলি।*

■■ না, প্রাইমারি 'টেট' দিতে হলে ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। সেই সঙ্গে ডি.এড. / ডি.এল.এড. বা, বি.এড. কোর্স পাশ হতে হবে।

■ *উচ্চমাধ্যমিকে ৬৪% নম্বর আছে। বি.এসসি. পাশ ও অনার্সে ৪৫.৬৪% নম্বর আছে। বি.এড. করা আছে। প্রাইমারি 'টেট' দিতে পারব কি? —বিথিকা পোদ্দার।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *উচ্চমাধ্যমিক ও ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই। এম.এ. কোর্সে ৫৫% নম্বর আছে ও বি.এড. পাশ। প্রাইমারি 'টেট'এর জন্য যোগ্য কি? — সোমা মজুমদার, বাবুরবাগ, পূর্ব বর্ধমান।*

■■ না, যোগ্য নন।

■ *২০১৭ সালে প্রাইমারি 'টেট' কোয়ালিফাই করেছি। এবছর কি নিয়োগ হবে? — চন্দ্রকান্ত তন্তুবায়, পুরুলিয়া।*

■■ এবছর নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে কিনা জানানো যাচ্ছে না। তবে শিগগিরই নিয়োগের চিন্তাভাবনা চলছে।

■ *বি.এড. করা আছে। 'টেট' দিতে পারব কি? — প্রদীপ সরকার, শ্রীকৃষ্ণপুর, ধুবুলিয়া, নদিয়া।*

■■ প্রাইমারি 'টেট' ও আপার প্রাইমারি 'টেট' আর এস.এল.এস.টি. সব স্তরেই পরীক্ষা দিতে পারবেন।

## স্টাফ সিলেকশনের

■ *কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি জানাবেন। — শৌভিক শর্মা, কান্দি, মুর্শিদাবাদ।*

■■ কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার বিজ্ঞপ্তি বেরিয়েছে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ সেপ্টেম্বর থেকে ৮ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in প্রায় ২০ হাজার শূন্যপদের জন্য এবার পরীক্ষা নেওয়া হবে। এবার পরীক্ষা পদ্ধতির বদল হয়েছে। বিস্তারিত তথ্য এই সংখ্যায় প্রথম পৃষ্ঠায় দেওয়া হয়েছে।

## পি.এস.সি.'র

■ *ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় কোন গ্রুপে কোন কোন পদে চাকরি পাওয়া যায়? বি.ডি.ও বা, জয়েন্ট বি.ডি.ও. হতে হলে কোন গ্রুপে পাশ করতে হবে? — প্রিতম মুন্সি, উদয়নারায়ণপুর, হাওড়া।*

■■ ডব্লু.বি.সি.এস. 'এ' গ্রুপে সফল হলে বি.ডি.ও. হওয়া যায়। 'সি' গ্রুপ পাশ করলে জয়েন্ট বি.ডি.ও. হওয়া যায়। কোন গ্রুপে কোন পদে চাকরি পাওয়া যায় : 'এ' গ্রুপে আছে এইসব পদ : (১) ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)। (২) অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ রেভেনিউ ইন দ্য ইন্টিগ্রেটেড ওয়েস্ট বেঙ্গল রেভেনিউ সার্ভিস। (৩) ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস। (৪) ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস। (৫) ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাই সার্ভিস। (৬) ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার-টেকনিক্যাল পদ ছাড়া)।

'বি' গ্রুপে নেওয়া হবে এই পদে ও মূল মাইনে : (১) ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস।

'সি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে : (১) সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম / ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, সেন্ট্রাল কারেকশনাল হোম। (২) জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার। (৩) ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার। (৪) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস। (৫) ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস, গ্রেড-I. (৬) অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার। (৭) জয়েন্ট রেজিস্ট্রার (ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার ডিসপিউট রিড্রেশাল কমিশন)। (৮) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন)। (৯) চিফ কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিস।

'ডি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে : (১) ইন্সপেক্টর অফ কো-অপারেটিভ সোসাইটি। (২) পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার। (৩) রিহ্যাবিলাইটেশন অফিসার।

■ *অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার বিজ্ঞপ্তি কখন বেরোয়? কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স লাগে? বিস্তারিত সিলেবাস জানাবেন। — রাহুল চক্রবর্তী, জগৎবল্লভপুর, হাওড়া।*

■■ পশ্চিমবঙ্গ সরকারের 'ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস'এ কাজের জন্য প্রতি বছরই প্রায় ছেলেমেয়ে নেওয়া হয়। কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। চার্টার্ড ও কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরাও আবেদন করার যোগ্য। এম.বি.এ. /পি.জি.ডি.এম. (ফিনান্স) কোর্স পাশরাও যোগ্য। এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত সংস্থা থেকে ফিনান্সের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। কম্পিউটারে কাজ করায় জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২১ থেকে ৩৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও. বি. সি.-রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ৯ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। প্রার্থী বাছাই করে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস' পরীক্ষার মাধ্যমে। প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হয়। লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকে 'জেনারেল স্টাডিজ'এর ২০০ নম্বরের একটি প্রশ্নপত্র। সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে ২টি গ্রুপ। প্রথম গ্রুপে থাকবে : (১) ইংরিজি কম্পোজিশন -৫০ নম্বর, (২) জেনারেল নলেজ, জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্ব, ভারতের ইতিহাস, ভারতের জাতীয় আন্দোলন, ভূগোল ও রিজনিং - ৪০ নম্বর, (৩) ভারতীয় সংবিধান (নীতি আয়োগ, প্ল্যানিং কমিশন, ফিনান্স কমিশন, ফিনান্স অ্যাকাউন্ট অ্যান্ড অডিট) - ৩৫ নম্বর। দ্বিতীয় গ্রুপে থাকবে : (১) বিজনেস ম্যাথমেটিক্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্স-৩৫ নম্বর, (২) অ্যাকাউন্টিং অ্যান্ড কস্টিং -৪০ নম্বর। সফল হলে 'মেন' পরীক্ষা হবে কলকাতায়। ৮০০ নম্বরের মেন পরীক্ষায় ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন থাকবে। এর মধ্যে ৫০০ নম্বরের ৫টি আবশ্যিক বিষয় থাকবে : (১) ইংরিজি প্রবন্ধ, প্রেসি লেখা ও কম্পোজিশন, (২) বাংলা প্রবন্ধ, প্রেসি লেখা ও কম্পোজিশন, (৩) জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, (৪) বাণিজ্যিক অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, (৫) অডিটিং। এছাড়াও ঐচ্ছিক বিষয়ে থাকবে ৩০০ নম্বর।

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের তৃতীয় ফেজের ইন্টারভিউয়ের তারিখ কবে দেওয়া হবে? — লিজা বিশ্বাস, নেতাজী পার্ক, কাঠালপুলী, নদিয়া।*

■■ তৃতীয় ফেজের পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। অক্টোবরের শেষের দিকে তৃতীয় ফেজের ইন্টারভিউ শুরু হবে।

## অন্যান্য চাকরির

■ *ফুড কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র ইঞ্জিনিয়ার পদের যে বিজ্ঞপ্তি বেরোল, তাতে যে প্রিলি ও মেন পরীক্ষা হবে তার প্রশ্ন কোন ভাষাতে হবে? — রাজদ্বীপ রানা, গড়িয়া, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ প্রশ্ন হবে ইংরিজি-হিন্দিতে।

■ *ডাকবিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট পদে দরখাস্ত করতে চাই। ও.বি.সি. প্রার্থীদের বয়সের ছাড়ের সীমা কত? — দীপক বসাক, সুভাষনগর, ইসলামপুর, উত্তর দিনাজপুর।*

■■ বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ও.বি.সি.-রা বয়সে ৩ বছর ছাড় পাবেন।

■ *প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষা কবে হবে? — মনোজ দত্ত, হুগলি।*

■■ পরীক্ষা ১৮ সেপ্টেম্বর হয়েছে।

## সি-টেট

■ *বাংলা অনার্সে ৪৯.৫% নম্বর পেয়েছি। নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় এম.এ. কোর্সে ৫৭.৭৫ নম্বর আছে। 'নেট' বা, 'সেট' দিতে পারব কি? — মহঃ তানবিরুল আরেফিন, তিলপি, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| আই.টি.বি.পি-তে কনস্টেবল | মাধ্যমিক | ৫২ | ২৭-৯-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| আর্মি পাব্লিক স্কুলে শিক্ষক | গ্র্যাজুয়েট ও মাস্টার ডিগ্রি | - | ৫-১০-২২ | www.awesindia.com |
| ফুড কর্পোরেশনে ম্যানেজার | গ্র্যাজুয়েট | ১০৯ | ২৬-৯-২২ | www.fci.gov.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাসিস্ট্যান্ট টেকনিশিয়ান | আই.টি.আই., ডিগ্রি, ডিপ্লোমা | ১,৮৮১ | ২৩-৯-২২ | www.drdo.org |
| ন্যাবার্ডে ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১৭৩ | ১০-১০-২২ | www.nabard.org |
| ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ৫,০৪৩ | ৫-১০-২২ | www.fci.gov.in |
| রৌরকেল্লা স্টিল প্ল্যান্টে টেকনিশিয়ান | ডিপ্লোমা. আই.টি.আই. | ৩২৫ | ৩০-৯-২২ | www.sail.co.in |
| স্টেট ব্যাঙ্কে জুনিয়র অ্যাসোসিয়েটস | গ্র্যাজুয়েট | ৫,০০৮ | ২৭-৯-২২ | https://sbi.co.in /careers |
| আর্মি অর্ডন্যান্স কর্পস-এ ট্রেডসম্যান মেট, ফায়ারম্যান | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ৩,০৬৮ | - | www.aocrecruitment.gov.in |
| সি.আই.এস.এফ.-এ হেড কনস্টেবল, সাব-ইন্সপেক্টর | উচ্চমাধ্যমিক | ৫৪০ | ২৫-১০-২২ | www.cisfrectt.in |
| উত্তর দিনাজপুরে জেলায় আশাকর্মী | মাধ্যমিক | - | ২৮-৯-২২ | https://uttardinajpur.nic.in |

এখন থেকে নতুন ভাবে

WBCS / IAS

পাশ করতে গেলে লাগবেই...

Appointment & Career News

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সিভিল সার্ভিস পরীক্ষায় গত ২ বছরে চাকরি পাওয়া আধিকারিকদের পরীক্ষা প্রস্তুতি, টিপস, স্টাডি মেটেরিয়াল, পরীক্ষা হলের স্ট্র্যাটেজি সহ একগুচ্ছ প্রতিবেদন নিয়ে বেরোল

ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

কর্মসংস্থান ■ KARMASANGSTHAAN ■ Vol.35 ■ Issue No. 39 ■ 24 September, 2022 ■ 15


# ব্যাঙ্ক লোনের মাধ্যমে নার্সিং পড়ার সুবর্ণ সুযোগ

**WB NURSING**
**& MULTI SERVICE**

# GNM & B.Sc নার্সিং

GNM বা B.Sc তে Rank যতই দূরে থাক আপনি
আপনার পছন্দের কলেজে ভর্তি হতে পারবেন

**BP. Poddar, Charnock, Desun, ICH, IQ City**
**M.R, SNU, St. Pauls, Woodland, R.N. Tagore**
ইত্যাদি কলেজে ভর্তির জন্য আজই যোগাযোগ করুন।

## MBBS & BDS Direct Admission

**Tamluk :: Purba Medinipur**
8116669615
7384783625

**KOLKATA**
8116669515
7384783625

## ম্যাজাগন ডকে ১,০৪১

১১ পাতার পর

শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১)।

**সিরিয়াল নং 8: ডিজেল কাম মোটর মেকানিক :** মাধ্যমিক পাশরা ডিজেল মেকানিক / মোটর ভেহিক্যাল মেকানিক / মেকানিক ডিজেল বা, মেকানিক (মেরিন ডিজেল) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ৪)।

**সিরিয়াল নং 10 : ইলেক্ট্রিক ক্রেন অপারেটর :** মাধ্যমিক পাশরা ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ইলেক্ট্রিক ক্রেন অপারেটর হিসাবে এক বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৩৪টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৩)।

**সিরিয়াল নং 11: ইলেক্ট্রিশিয়ান :** মাধ্যমিক পাশরা ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৪০টি (জেনাঃ ৫৬, ও.বি.সি. ৪২, ই.ডব্লু.এস. ১৪, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ১৫)।

**সিরিয়াল নং 12: ইলেক্ট্রনিক মেকানিক :** মাধ্যমিক পাশরা ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪৫টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৪, তঃউঃজাঃ ৬)।

**সিরিয়াল নং 13: ফিটার:** মাধ্যমিক পাশরা ফিটার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ২১৭টি (জেনাঃ ৮১, ই.ডব্লু.এস. ২০, ও.বি.সি. ২৫, তঃজাঃ ২৭, ই.ডব্লু.এস. ৬৬, তঃউঃজাঃ ২৩)।

**সিরিয়াল নং 14: গ্যাস কাটার :** মাধ্যমিক পাশরা স্ট্রাকচারাল ফিটার, ফ্যাব্রিকেটর, কম্পোজিট ওয়েল্ডার ট্রেডের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ: ৪টি (জেনাঃ২, তঃজাঃ১)।

**সিরিয়াল নং 15 : মেশিনিস্ট :** মাধ্যমিক পাশরা মেশিনিস্ট বা, মেশিনিস্ট (গ্রাইন্ডার) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ১১টি (জেনাঃ৮, ও.বি.সি.২, ই.ডব্লু.এস. ১)।

**সিরিয়াল নং 16: মিলরাইট মেকানিক :** মাধ্যমিক পাশরা মিলরাইট মেকানিক বা, মেকানিক্স মেশিন টুল মেন্টেন্যান্স ট্রেডেন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**সিরিয়াল নং 17: পেইন্টার :** ক্লাস এইট পাশরা পেইন্টার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ১৫টি (ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩)।

**সিরিয়াল নং 18: পাইপ ফিটার:** মাধ্যমিক পাশরা পাইপ ফিটার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৮২টি (জেনাঃ ২৫, ও.বি.সি. ৩৮, তঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ৭, তঃউঃজাঃ ৩)।

**সিরিয়াল নং 19: স্ট্রাকচারাল ফ্যাব্রিকেটর:** মাধ্যমিক পাশরা স্ট্রাকচারাল ফিটার / ফ্যাব্রিকেটর ট্রেডের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৮, তঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৩, তঃউঃজাঃ ৪)।

**সিরিয়াল নং 20: ইউটিলিটি হ্যান্ড (স্কিল্ড) :** আই.টি.আই. থেকে ফিটার বা, যে কোনো ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে আর শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ইউটিলিটি হ্যান্ড হিসাবে ১ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ২২টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১২, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩)।

**সিরিয়াল নং 22 : জুনিয়র কিউ.সি. ইন্সপেক্টর (মেকানিক্যাল) :** উচ্চমাধ্যমিক পাশরা মেকানিক্যাল, শিপবিল্ডিং বা, মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**সিরিয়াল নং 23: জুনিয়র কিউ.সি. ইন্সপেক্টর (ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স) :** উচ্চমাধ্যমিক পাশরা ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রিক্যাল, পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন), ইলেক্ট্রনিক্স (ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, অ্যালায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন) বা, মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

**সিরিয়াল নং 25: জুনিয়র ড্রাফটসম্যান (মেকানিক্যাল) :** মাধ্যমিক পাশরা ড্রাফটসম্যান মেকানিক্যাল ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩২টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)।

**সিরিয়াল নং 28 : প্ল্যানার এস্টিমেটর (মেকানিক্যাল) :** উচ্চমাধ্যমিক পাশরা মেকানিক্যাল বা, শিপবিল্ডিং কিংবা মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৩১টি (জেনাঃ ১০, ও.বি.সি. ১০, তঃজাঃ ৫, ই.ডব্লু.এস. ৩, তঃউঃজাঃ ৩)।

**সিরিয়াল নং 29: প্ল্যানার এস্টিমেটর (ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রনিক্স) :** উচ্চমাধ্যমিক পাশরা ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক বা, মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শিপবিল্ডিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**সিরিয়াল নং 30 : রিগার :** ক্লাস এইট পাশরা রিগার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৭৫টি (জেনাঃ১৯, ও.বি.সি.১৩, তঃজাঃ৪, ই.ডব্লু.এস.৪, তঃউঃজাঃ ৩৫)।

**সিরিয়াল নং 32: স্টোরকীপার :** উচ্চমাধ্যমিক পাশরা মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স শিপবিল্ডিং অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

**সিরিয়াল নং 35 : ইউটিলিটি হ্যান্ড (সেমি স্কিল্ড) :** মাধ্যমিক পাশরা যে কোনো ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে আর শিপবিল্ডিং ইন্ডাস্ট্রিতে ইউটিলিটি হ্যান্ড হিসাবে ১ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। শূন্যপদ : ৭০টি (জেনাঃ ৩৩, ও.বি.সি. ১৭, তঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ৭, তঃউঃজাঃ ৪)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-৯-২০২২'র হিসাবে১৮ থেকে ৩৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। ৩ বছরের চুক্তিতে কাজ করতে হবে। তখন স্কিল্ড গ্রেড- । পদে বেসিক পে ১৭,০০০-৬৪,৩৬০ টাকা, আর সেমি স্কিল্ড গ্রেড- । পদে ১৩,২০০-৪৯,৯১০ টাকা আর সেমি স্কিল্ড গ্রেড- ।।। পদে ১৬,০০০-৬০,৫২০ টাকা। বিজ্ঞপ্তি নং : MDL/HR-REC-NE/95/2022.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষা বা, ট্রেড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ৫ নভেম্বর। পরীক্ষা সংক্রান্ত তথ্য ওয়েবসাইটেই পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mazagondock.in এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেইনাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


CACES দিচ্ছে On/Offline Courses :
SBI CLERK, TET-(P/U), SLST-(PT/SUB), WBCS, CPTP (COMB), ETC ETC

আমাদের বৈশিষ্ট্য : দক্ষ ফ্যাকাল্টি * উন্নত স্টাডি ম্যাট্স * ব্রেভিং (লঙ/শর্ট) কাট টিপস্ * সপ্তাহে 4/5/6 দিন মর্নিং/ডে/ইভিনিং শিফটে ক্লাস * রেগুলার অন/অফলাইন মক্টেস্ট (ডামি পেপার্সের ওপর) * পর্যাপ্ত প্র্যাক্টিস পেপার্স * ডাউট ক্লিয়ারিং ক্লাস * উন্নত পরিকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা * পিছিয়ে পড়া ও ভেঙে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য মোটিভেশন ও কাউন্সেলিং * দূরবর্তীদের জন্য মেসের ব্যবস্থা * আর্থিকভাবে দুর্বলদের জন্য ফীজ কনসেশন * মান্থলি ফীজ * ডেমো ক্লাস ইত্যাদি

ভ্যাকেন্সি : (1) SBI 5,000 (2) School 90,000
প্যাকেজ : (1) SBI ক্লার্ক (2) SSC-(TET / PT)

বর্তমানে উপরোক্ত কোর্সগুলিতে ভর্তি ও ক্লাস চলছে। এক বিজ্ঞান ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে নিশ্চিত সাফল্য পেতে আজই যোগাযোগ করুন :

CACES, 2/80 দমদম রোড, হরিভবন [Gr Floor] (Oppo GTR), Kol-74
Mobile : 9062756906, 9123846235

বিঃদ্রঃ উৎসবের মরশুমে পরীক্ষার্থীদের যথাসম্ভব প্রস্তুতি নিয়ে রাখা উচিত।



সরকারি চাকরি এখন আরও সহজে

প্রাইমারিতে ২৫০০০ | বিজ্ঞপ্তি প্রকাশ শীঘ্রই | স্কুল সার্ভিসে ২০০০০

• GSCE-র বিশেষ Workshop চাকরিতে সাফল্য।
• অভিভাবকদের সঙ্গে নিয়ে যোগদান করতে পারবে।
• আকর্ষণীয় ছাড় কোর্স ফি-তে
• আজই যোগাযোগ করুন।
• অফলাইন কোর্সে Registration করলে অনলাইন কোর্স ফ্রি, TET কোর্স ফ্রি।
• অফার থাকবে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত, সঙ্গে Installment বা EMI ব্যবস্থা আছে।

CGL পরীক্ষার আবেদনগ্রহণ চলছে। যোগ্যতা : গ্র্যাজুয়েশন। শূন্যপদ প্রায় ২০,০০০

WBCS 2023 বিজ্ঞপ্তি শীঘ্রই যোগ্যতা : গ্র্যাজুয়েশন বয়স : ২০-৩৯ বছর

• WBCS • স্কুল সার্ভিস • Staff Selection • BANK • RAIL • LIC • PSC • Primary • SLST • Army • TET • Police ইত্যাদি সমস্ত কোর্সেই ভর্তি চলছে।

Helpline : 9830277100/200/300 Website : www.gsceindia.org


GSCE কেন্দ্র

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9051040306, 9674087465 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |
| মানকুণ্ড | 9804956565 |

GSCE পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920



স্বউপার্জন বা সরকারি চাকরির সুযোগ।
পঃবঃ যোগ ও ন্যাচারোপ্যাথী কাউন্সিল অনুমোদিত ও স্বাস্থ্য বিশ্ব বিদ্যালয়ের সরকারী কোর্স
ন্যূনতম মাধ্যমিক পাশ




সরকারী রেজিস্ট্রেশন সহ ট্রেনার হন।
পাইকপাড়া, যোগ স্বাস্থ্য মন্দির 9433022544
বোলপুর, কৈবল্য যোগ ফাউন্ডেশন 9831957375
জয়রামবাটি বিবেকানন্দ যোগাশ্রম 9474630972
লক্ষীকান্তপুর জাম ইনস্টিটিউট অফ যোগা অ্যান্ড ন্যাচারোপ্যাথি 9433135657



১৯ সেপ্টেম্বর থেকে শুরু হওয়া
রেলের গ্রুপ-ডি
পরীক্ষায় সিলেবাসভিত্তিক 'Common' প্রশ্নোত্তর পেতে
WBCS Main 2022 (আগষ্ট / সেপ্টেম্বর)
এছাড়াও পাবেন
রাজ্য পুলিশের কনস্টেবল, সাব-ইন্সপেক্টর, SSC CHSL, CGL সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
Appointment & Career News
যোগাযোগ করুন : 9830624170


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com